কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister ফ্রিজ
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

বুধবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫৩ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ২৪ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
১৪ জুন ২০২৩



## বিএনপি আবারও ওয়ান ইলেভেনের স্বপ্ন দেখছে

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি বিদেশিদের প্রভাবিত করে আবারও ওয়ান ইলেভেনের স্বপ্ন দেখছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
তিনি বলেন, 'বিএনপি এখন আবারও বিদেশি শক্তিকে দিয়ে ওয়ান ইলেভেন সৃষ্টির স্বপ্ন দেখছে।



## দেশের আরও ১৩২টি সরকারি হাসপাতালে ইনস্টিটিউশনাল প্র্যাকটিস শুরু

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর ৪টি হাসপাতালসহ সারাদেশের আরও ১৩২টি সরকারি হাসপাতালে শুরু হচ্ছে ইনস্টিটিউশনাল প্র্যাকটিস।
গতকাল মঙ্গলবার দুপুরে সচিবালয়ের স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ইনস্টিটিউশনাল প্র্যাকটিসের উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক।



## দেশটা কারো বাবার নয়

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, এ দেশটা কারো বাবার নয়, এটা আপনার আমার সবার দেশ। সবাই মুক্তিযুদ্ধ করে এ দেশটাকে আমরা স্বাধীন করেছি। কিন্তু সেই দেশে কোন কথা বলার অধিকার নেই। নিরাপত্তা নেই। মঙ্গলবার (১৩ জুন) বিকেলে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির ২-এর পাতায় দেখুন



## ওয়ার্ল্ড অব ওয়ার্ক সামিটে যোগ দিতে জেনেভার উদ্দেশে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল সকালে ১৪ থেকে ১৫ জুন জেনেভায় অনুষ্ঠেয় 'ওয়ার্ল্ড অব ওয়ার্ক সামিট : সোশ্যাল জাস্টিস ফর অল' এ যোগ দিতে সুইজারল্যান্ডের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট সকাল ১০ টা ১৪ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়।
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের, সংসদের উপনেতা বেগম মতিয়া চৌধুরী, চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী ২-এর পাতায় দেখুন

# বাংলাদেশে ৪০ কোটি ডলার ঋণ অনুমোদন এডিবির

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের জন্য ৪০ কোটি ডলার ঋণের অনুমোদন দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। দেশীয় সম্পদ সংগ্রহে সংস্কার, জনগণের ব্যয় দক্ষতা ও উৎপাদনশীলতার উন্নয়ন এবং ছোট ব্যবসা বিশেষ করে নারী-নেতৃত্বাধীন ব্যবসাকে সাহায্য করতে এই ঋণ দেয়া হচ্ছে। গতকাল মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে অনুমোদনের বিষয়ে বিস্তারিত জানিয়েছে আন্তর্জাতিক সংস্থাটি। এডিবির সাসটেইনেবল ইকোনমিক রিকভারি প্রোগ্রামের দ্বিতীয় সাবপ্রোগ্রামের আওতায় এই ঋণ প্যাকেজ পাচ্ছে বাংলাদেশ। কভিড-১৯ মহামারী পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধারে




২০২১ সালের অক্টোবরে প্রোগ্রামটি চালু করা হয়। এডিবির দক্ষিণ এশিয়ার প্রধান পাবলিক ম্যানেজমেন্ট ইকোনমিস্ট আমিনুর রহমান জানান, এই সাবপ্রোগ্রাম বাংলাদেশকে রাজস্ব বাড়াতে সাহায্য করবে। সরকারি ব্যয় ও পাবলিক প্রকিউরমেন্টে দক্ষতা ও স্বচ্ছতা বৃদ্ধি, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠানের সংস্কার দৃঢ় করবে। এছাড়া ক্ষুদ্র ব্যবসা ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যাংকিং খাত থেকে স্বল্প সুদে সাশ্রয়ী মূল্যের অর্থ সংস্থানে সাহায্য করবে।
লৈঙ্গিক, জলবায়ু পরিবর্তন ও ডিজিটাইজেশনের ওপর এ কর্মসূচির মনোযোগ ২-এর পাতায় দেখুন

## মুক্তিযুদ্ধের চেতনা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে ছড়িয়ে দিন : রাষ্ট্রপতি

**নিজস্ব প্রতিবেদক :** মুক্তিযুদ্ধে বাঙালির বিজয় গাঁথা ও মুক্তিযুদ্ধের চেতনা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে ছড়িয়ে দিতে সেক্টর কমান্ডারস' ফোরাম- মুক্তিযুদ্ধ '৭১ কে তাগিদ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।
ফোরামের নির্বাহী সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল আলম এবং মহাসচিব লেখক ও সাংবাদিক বীর মুক্তিযোদ্ধা হারুন হাবিব রাষ্ট্রপতির সাথে বঙ্গভবনে দেখা করতে গেলে তিনি এ নির্দেশনা দেন।
রাষ্ট্রপতি বলেন "আমাদের মুক্তিযুদ্ধে বাঙালির বিজয় গাঁথা ও মুক্তিযুদ্ধের চেতনা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে ছড়িয়ে দিন।" ।
রাষ্ট্রপ্রধান ২-এর পাতায় দেখুন

## আগামী মাস থেকে টিসিবির কার্ডে যুক্ত হচ্ছে ৫ কেজি চাল

**নিজস্ব প্রতিবেদক :** আগামী মাস থেকে টিসিবির এক কোটি ফ্যামিলি কার্ডধারীদের মাঝে তেল, চিনি ও মশুর ডালের পাশাপাশি ৫ কেজি করে চাল দেয়া হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। এছাড়া আন্তর্জাতিক বাজারে তেলের দাম কমায় দেশে প্রতি লিটার সয়াবিন তেলে ১০ টাকা হ্রাস করা হয়েছে- যার সুফল টিসিবির কার্ডধারীরাও পাচ্ছে বলে জানান মন্ত্রী।
গতকাল মঙ্গলবার রাজধানীর তেজগাঁওয়ে জুন মাসে দেশব্যাপী এক কোটি ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রয় কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ২-এর পাতায় দেখুন

## এসআই সেকেন্দার ঝিনাইদহ জেলার শ্রেষ্ঠ অফিসার



**নিজস্ব প্রতিবেদক :** ২০২৩ এর মে মাসের অপরাধ পর্যালোচনা সভা ডিআইজি রেঞ্জ কনফারেন্স খুলনায় অনুষ্ঠিত হয় মঙ্গলবার সকাল দশটায়। অনুষ্ঠানে খুলনা বিভাগের ১০ টি জেলার মধ্যে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানায় কর্মরত এসআই (নিরস্ত্র) মোঃ সেকেন্দার আবু জাফর ( ৮৩০৪০২৯৬৪৪) কৃতিত্বের সাথে অপরাধ দমনে সফলতা অর্জন করায় খুলনা রেঞ্জ ডিআইজি মঈনুল হক বিপিএম(বার),পিপিএম ও ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মোঃ আশিকুর রহমান বিপিএম,পিপিএম (বার)তার হাতে সম্মাননা ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ ৫ হাজার টাকা তুলে দেন। কালীগঞ্জ থানায় ১১ মার্চ ২০২৩ এ দাখিলকৃত ৭ নং ডাকাতি মামলায় ৬ আসামীকে গ্রেফতার, ধৃত ডাকাতদের ১৬৪ ধারার জবানবন্দী নেওয়া এবং চুরি হওয়া ২ টি মোটরসাইকেল উদ্ধার,ঝিনাইদহ থেকে ডাকাতি হওয়া ১ টি মোটরসাইকেল উদ্ধার, মাগুরা ও ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহের পদ্মাকর ইউনিয়ন পরিদর্শন করলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম

**আরিফুল ইসলাম, হাটগোপালপুর :** ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর ইউনিয়ন পরিদর্শন করলেন জেলা প্রশাসক এস.এম.রফিকুল ইসলাম। মঙ্গলবার এ পরিদর্শন করেন তিনি। এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহি অফিসার সাদিয়া জেরিন, উপজেলা ভূমি অফিসার শারমিন আক্তার সুমি, পদ্মাকর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিকাশ বিশ্বাস ও ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভপতি ফয়সাল আহমেদ।




তিনি পদ্মাকর ইউনিয়ন পরিষদ, পদ্মাকর ইউনিয়ন ভূমি অফিস, পদ্মাকর ইউনিয়নের লৌহজংগা কমিউনিটি ক্লিনিক, লৌহজংগা আবাসন প্রকল্প লৌহজংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাটগোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাওলানা বাদ প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন।

## পুলিশের ২২ এসপি ও ৭ ডিআইজিকে বদলি

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ পুলিশ বাহিনীতে বড় রদবদল হয়েছে। একসঙ্গে পুলিশের ২৯ জন কর্মকর্তাকে বদলি করা হয়েছে। তাঁদের মধ্যে সাতজন পুলিশ কমিশনার (ডিআইজি) ও ২২ জন পুলিশ সুপার (এসপি) রয়েছেন। গতকাল মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ এসংক্রান্ত পৃথক পৃথক তিনটি প্রজ্ঞাপন জারি করেছে।




রাষ্ট্রপতির আদেশক্রমে পৃথক তিনটি প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের উপসচিব সিরাজাম মুনিরা।
প্রজ্ঞাপন অনুযায়ী রংপুর মহানগরীর ডিআইজি নুরে আলম মিনাকে চট্টগ্রাম রেঞ্জে, চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি মো. আনোয়ার হোসেনকে পুলিশ অধিদপ্তরে, অ্যান্টিটেররিজম ইউনিটের ডিআইজি মোহাম্মদ রেজাউল হায়দারকে কেন্দ্রীয় পুলিশ হাসপাতালে, ২-এর পাতায় দেখুন

## সড়কে নেই পিচের অস্তিত্ব, সৃষ্টি হয়েছে বড় বড় গর্ত, চোঁখে দেখে না ঝিনাইদহ পৌর কর্তৃপক্ষ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ পৌরসভা প্রথম শ্রেণির পৌরসভা হলেও মানের দিক দিয়ে একদম নিম্ন শ্রেণির। পৌরসভার ১ নং ওয়ার্ডের ধোপাঘাটা গবিন্দপুর পুরাতন ব্রিজ হতে পবহাটি বিশ্ব রোড সড়ক ও বিশ্ব রোড বাঁশ হাটা হতে সৃজনী মোড় সড়ক পর্যন্ত সড়কের বেহাল দশা। ১ নং ওয়ার্ডের বাসিন্দারা দির্ঘদিন যাবত নাগরিক সকল সুযোগ সুবিধা থেকে হচ্ছে বঞ্চিত। সরজমিন পরিদর্শন করে জানা যায়, নির্মাণের পর ঐ সড়কে আর কোন দিন কোন



প্রকার সংস্কার না করার কারণে বর্তমানে সড়কটি চলাচলের অনুপযোগিতা হয়ে পড়েছে। এমনকি এখন পায়ে হাটাও দায় হয়ে দারিয়েছে। সড়কটিতে ছোট বড়ো অসংখ্য খানাখন্দের সৃষ্টি হয়েছে। কিছু কিছু জায়গায় সড়কের কোন অস্তিত্ব নেই বললেই চলে। এমনকি পিচ ঢালায়ের সড়কটি পিচ নেই বললেই চলে। সড়কটিতে দেখা মিলবে ইটের খোয়া ও মাটির। এরি ফলে খানে খোদা ২-এর পাতায় দেখুন




## মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবীতে ঝিনাইদহে শিক্ষকদের মানববন্ধন

**নিজস্ব প্রতিবেদক :** মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। মঙ্গলবার সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে এ কর্মসূচীর আয়োজন করে বাংলাদেশ শিক্ষা সমিতি ঝিনাইদহ জেলা শাখা। এতে ব্যানার ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে খালের পানি স্যালো মেশিন দিয়ে সেঁচে মাছ ধরলেন বিআরডিবির কর্মচারী

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের রাজা রাম খালে স্যালো মেশিন দিয়ে পানি সেঁচে মাছ ধরে নিলেন ঝিনাইদহ সদর উপজেলা পল্লী উন্নয়ন বোর্ডের পরিদর্শক আবু সুফিয়ান ওরফে উজ্জ্বল। নিজের সাঙ্গ-পাঙ্গদের মধ্যে ভাগ করে দিয়ে কয়েক হাজার টাকার মাছ বিক্রিও করেছেন বলে কালুহাটি গ্রামের রেজাউল ইসলাম মাস্টারসহ অন্যান্য লোকজনেরা অভিযোগ করেছেন। পানি উন্নয়ন বোর্ড সম্প্রতি এই খাল



খনন করে। সরকারের পক্ষ থেকে এই খালে কার্প জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। কিন্তু আবু সুফিয়ান ওরফে উজ্জ্বল গায়ের জোরে এই খালে অন্য গ্রামের সাধারণ লোকদের মাছ ধরার সুযোগ না দিয়ে অবশেষে স্যালো মেশিন লাগিয়ে পানি সেঁচে দেশীয় প্রজাতিসহ সকল মাছ ধরে নিয়েছে। এই বিষয় নিয়ে এলাকার সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। জানাগেছে, সোমবার বিকাল থেকে ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে সুদ খোরের কান্ড!

## ফাঁকা চেকে ১ লাখ টাকার পরিবর্তে ১১ লাখ টাকার মামলা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের সুদ কারবারী আমিরুলের অত্যাচারে সর্বশান্ত হয়েছে সংখ্যালঘু সম্প্রদায়ের এক স্কুল শিক্ষকসহ অসংখ্য ব্যবসায়ী। ১ লক্ষ টাকা আমিরুলের নিকট থেকে গ্রহন করে প্রায় ৪ লক্ষ টাকা দিয়েও পরিশোধ হয়নি স্কুল শিক্ষক কানু গোপাল মজুমদারের সুদের টাকা। সুদ কারবারী আমিরুল ইসলাম সদর পৌরসভার উদয়পুর গ্রামের মৃত ইউসুফ মিয়ার ছেলে। সে দীর্ঘ দিন ধরে সুদ কারবারের সাথে জড়িত বলে অভিযোগ উঠেছে। তার অত্যাচারে ঝিনাইদহ শহরের অনেকে ব্যবসায়ী পথে বসেছে। আবার অনেকেই বাড়ি ঘর বিক্রি করে ছেড়েছেন এলাকা। সুদ কারবারী আমিরুলের গ্রেফতার ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবি জানিয়েছে ভুক্তভোগী ও এলাকাবাসী।
ঝিনাইদহ শহরের ফজর আলী গার্লস স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক কানু গোপাল মজুমদার জানান, তিনি ব্যবসায়ীক প্রয়োজনে ২০১৭ সালে আমিরুলের নিকট থেকে কিছু দিনের জন্য এক লক্ষ ধার ২-এর পাতায় দেখুন

## যশোরে ৩ বছর ধরে অকেজো ২১০টি সিসি ক্যামেরা

**যশোর প্রতিনিধি :** যশোর শহরের অপরাধ নিয়ন্ত্রণে ২০১৮ সালে ক্লোজসার্কিট ক্যামেরার (সিসিটিভি) আওতায় আনা হয়েছিল। তখন শহরের প্রধান সড়ক ও গুরুত্বপূর্ণ ৭৬টি পয়েন্টে ২১০টি সিসিটিভি ক্যামেরা বসানো হয়। কিন্তু এসব ক্যামেরা গত ৩ বছর ধরে সচল নেই। চুরি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধে জড়িতদের সনাক্ত ও অপরাধ নিয়ন্ত্রণে সেগুলো পুনরায় সচল করা প্রয়োজন বলে মনে করছেন সংশি-ষ্টরা। খোদ জেলা প্রশাসক



অকেজো থাকা সিসি ক্যামেরা দ্রুত সচলের তাগিদ দিয়েছেন।
সূত্র মতে, ২০১৫ সালের অক্টোবর মাসে যশোর জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় শহরের প্রতিটি গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত হয়। সেই সিদ্ধান্তের আলোকে ২০১৭-১৮ অর্থবছরে যশোর পৌরসভার মাধ্যমে শহরের গুরুত্বপূর্ণ ৭৬টি পয়েন্টে সিসি ক্যামেরা বসানোর পরিকল্পনা হয়। যশোর পৌরসভার উপ-সহকারী ২-এর পাতায় দেখুন



## হরিশংকরপুরে মানুষকে বাঁচাতে শাবক বাঘকে হত্যা

**হাটগোপালপুর প্রতিনিধি :** ঝিনাইদহ সদর উপজেলার হরিশংকরপুরে মানুষকে বাঁচাতে শাবক বাঘকে হত্যা করেছে গ্রাম বাসী। মঙ্গলবার ভোরে গোবিন্দপুর গ্রামে এ হত্যা করা হয়।
গ্রামবাসী জানান, একটি শাবক বাঘ নিত্য কুমারের ছাগলকে আক্রমন ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে দিনে দুপুরে ভাষা সৈনিক আমির মালিতার ছেলেকে বেধড়ক মারপিট

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ শহরের কেন্দ্রস্থল শের-এ বাংলা সড়কের বঙ্গবাজারের সামনে দিনে দুপুরে রাস্তায় ফেলে ভাষা সৈনিক ও ঝিনাইদহ পৌরস-ভার সাবেক চেয়ারম্যান প্রয়াত আমির হোসেন মালিতার ছেলে আনোয়ারুজ্জামান আজাদ চঞ্চলকে বেধড়ক মারপিট করা হয়েছে। মঙ্গলবার দুপুরে এ ঘটনা ঘটে। মারপিটে গুরুতর আহত "চঞ্চলকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।
প্রত্যক্ষদর্শীরা জানায়, ব্যবসায়ী ও সামাজিক সংগঠনের নেতা আনোয়ারুজ্জামান আজাদ চঞ্চল দুপুরে




শহরের বঙ্গবাজারের সামনে দাড়িয়ে ছিলো। সেসময় একদল দুর্বৃত্ত তারে রাস্তায় ফেলে বেধড়ক মারপিট করে। মারপিটে গুরুতর আহত করে দুর্বৃত্তরা তাকে সেখানে ফেলে রেখে পালিয়ে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, ঘটনার পর সেখানে পুলিশ পাঠানো হয়েছিলো। এ ঘটনায় থানায় কেউ অভিযোগ করেনি। অভিযোগ পেলে পরবর্তীতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা
মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে
১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
এখন নতুন আঙ্গিকে
সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন
তানভীর হাসান (জিসান হাই)
নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

বুধবার ১৪ জুন ২০২৩


### ব্যস্ত সময় পার করছেন গাংনীর কামাররা

## চলছে দা বটি ছুরি চাপাতি তৈরি ও শান দেয়ার কাজ

**মেহেরপুর প্রতিনিধি:** আর ক'দিন পরই পবিত্র ঈদুল আযহা। এ উপলক্ষে মেহেরপুরের গাংনীর কামাররা বেশ ব্যস্ত সময় পার করছেন। সারা বছর তেমন কাজ না থাকলেও কোরবানীর ঈদকে সামনে রেখে দম ফেলানোর ফুসরত থাকছে না তাদের। দিনরাত কোরবানীর পশুর জবাই ও কাটার বিভিন্ন সামগ্রী তৈরি ও সান দিতেই দেখা যায়। কামারশালার টুং-টাং শব্দে উদ্দীপ্ত মুর্ছনার সৃষ্টি হয়। কামার পরিবাররা এ সময়টার জন্যই দিনগুনে। সরেজমিনে গিয়ে দেখা যায়, মানিকদিয়া, ষোলটাকা, বামন্দি গাংনীসহ বিভিন্ন বাজারে কামার শালায় কামাররা বিরতিহীনভাবে কাজ করছেন। ঈদ উপলক্ষ্যে মুসলমানরা কোরবানীর পশু জবাইয়ের জন্য ছোরা, দা, বটিসহ প্রয়োজনীয় সামগ্রী লোনা পানিতে সান দেওয়া এবং নতুন কিছু কেনা নিয়ে ব্যস্ত। সে লক্ষে কামাররা ও কোরবানীর ঈদ আসলে পুরো বছরের অর্থ পুষিয়ে নেন। গাংনীর বিভিন্ন এলাকায় দেখা গেছে, ভোর থেকে গভীর রাত পর্যন্ত চলছে তাদের দা, ছুরি, চাপাতি, কুড়াল তৈরি ও শান দেয়ার কাজ। অনেক কামার নতুন কাজ নেয়া বন্ধ করে দিয়েছেন। যদিও ২-এর পাতায় দেখুন



### দেশে ৭১ জনের শরীরে করোনা শনাক্ত

**নিজস্ব প্রতিবেদক :** দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৭১ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে।

এদের মধ্যে ৬৩ জন ঢাকা মহানগর, ১ জন নারায়নগঞ্জ, ১ জন নরসিংদী, ২ জন চট্টগ্রাম, ২ জন কক্সবাজার, ১ জন নাটোর এবং ১ জন রাজশাহী জেলার বাসিন্দা। তবে এসময়ে করোনায় আক্রান্ত হয়ে কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি।

এ নিয়ে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনা আক্রান্ত হয়েছে মোট ২০ লাখ ৪০ হাজার ৬৮১ জন। অন্যদিকে মৃতের সংখ্যা ২৯ হাজার ৪৫২ জনে অপরিবর্তিত রয়েছে।

আজ মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ১০৬৭ টি নমুনা সংগ্রহ ও ১০৭২ টি নমুনা পরীক্ষা করা হয়। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক ৬২ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক ২১ শতাংশ।

গত ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ১১৩ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ৬ হাজার ৯৮৩ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৩৫ শতাংশ।

## হতদরিদ্র মেধাবী ছাত্র জিহাদের পাশে দাড়ালেন পৌর মেয়র আশরাফ



**কালীগঞ্জ প্রতিনিধি :** পত্র পত্রিকায় খবর প্রকাশের পর কালীগঞ্জের হতদরিদ্র মেধাবী ছাত্র জিহাদ হাসানের পাশে দাড়ালেন পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ। তিনি সোমবার সকালে জিহাদকে পৌরসভা কার্যালয়ে ডেকে মেয়র তার ব্যাক্তিগত সন্মানী ভাতা থেকে সহায়তার নগদ অর্থ তুলে দেন। এ সময়ে পৌরসভার সচিব আব্দুল্লাহ আল মাসুম সহ পরিষদের কাউন্সিলর ও অন্নান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। জিহাদ ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামের ইটভাটা শ্রমিক শাহজাহান আলীর ছেলে। জানা যায়, হতদরিদ্র পরিবারের সন্তান জিহাদ হাসান ২০২৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ৫১৯ নম্বর পেয়ে বি ইউনিটে মেধা তালিকায় স্থান পায়। কিন্তু সে এমন সুযোগ পেলেও ভর্তির জন্য টাকা যোগাড়ে দুঃচিন্তায় ২-এর পাতায় দেখুন

## জাতীয় মানবাধিকার কমিশনের নামে প্রতারণা, মহাসচিব গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেছেন, 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান মানবাধিকার কমিশনের নামে জনগণের সাথে প্রতারণা ও অর্থ আদায় করছে বাংলাদেশ মানবাধিকার কমিশন নামের একটি বেআইনি সংস্থা। মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নের অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ অনুসারে একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসাবে জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা করা হয়। উক্ত আইনের ২ (ক) ধারা মতে 'কমিশন' অর্থ জাতীয় মানবাধিকার কমিশন। তবে বাংলাদেশ মানবাধিকার কমিশন নামের একটি বেসরকারি সংস্থার লোকজন তাদের সংস্থার নামের সাথে 'কমিশন' শব্দটি ব্যবহার করে দেশে-বিদেশে, বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার নিকট উক্ত সংস্থাকে বাংলাদেশের রাষ্ট্রীয় সংস্থা মর্মে বিভ্রান্তির সৃষ্টি করছে। দেশের জনসাধারণ এমনকি সরকারি-বেসরকারি সংস্থা এমনকি গণমাধ্যমও নামসর্বস্ব ভুঁইফোড় মানবাধিকার সংগঠনের দ্বারা প্রভাবিত হচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে।'

## ৭ মাসের শিশুকে মায়ের কোলে ফিরিয়ে দিলো পুলিশ

**নিজস্ব প্রতিবেদক :** কুড়িগ্রামের উলিপুর উপজেলায় সাত মাস বয়সী এক শিশুকে উদ্ধার করে মায়ের কোলে ফিরিয়ে দিয়েছে পুলিশ। গত সোমবার রাতে মায়ের কোলে শিশুটিকে ফিরিয়ে দেওয়া হয়। গতকাল মঙ্গলবার সকালে উলিপুর থানার ওসি শেখ আশরাফুজামান বিষয়টি নিশ্চিত করেছেন। শিশুটির নাম আলম হাসান। সে উলিপুর সদর উপজেলার আপুয়ারখাতা গ্রামের মহিবুল্লা-আসমা দম্পতির সন্তান। পুলিশ জানায়, পারিবারিক কলহের কারণে শিশুটির বাবা তাকে নিজ ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় ভ্রাম্যমাণ আদালতে দুই ফার্মেসীতে জরিমানা

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহে শৈলকুপার পৌর বাজারে মেয়াদ উত্তীর্ন ও বিক্রয় অযোগ্য ঔষধ রাখায় দুই ফার্মেসী ব্যবসায়ীকে ২২ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। এসময় বেশ কিছু বিক্রয় অযোগ্য ঔষধ জব্দ করা হয়। মঙ্গলবার বিকেলে ২-এর পাতায় দেখুন

## দেশে দরিদ্র ১৮.৭% এবং অতি দরিদ্র ৫.৬%

**নিজস্ব প্রতিবেদক :** পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, দেশের দরিদ্র জনগোষ্ঠীর পরিসংখ্যান ১৮ দশমিক ৭ শতাংশ এবং অতি দরিদ্রের পরিসংখ্যান ৫ দশমিক ৬ শতাংশ। তিনি গতকাল সংসদে সরকারি দলের সদস্য হাজী মোহাম্মদ সেলিমের টেবিলে উপস্থাপিত লিখিত এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ২০২২ সালের মৌলিক চাহিদার ব্যয়ের ভিত্তিতে দারিদ্র্য মূল্যায়ন করেছে।

চাহিদার মৌলিক খরচের মধ্যে রয়েছে দৈনিক খাদ্য খরচ, সাপ্তাহিক খাদ্য খরচ, মাসিক অ-খাদ্য খরচ, বার্ষিক অ-খাদ্য খরচ, শিক্ষা ব্যয়, স্বাস্থ্য ব্যয় এবং গৃহস্থালির টেকসই পণ্য ইত্যাদি।

## মেহেরপুরে অটো চালকের হত্যাকারীদের ফাঁসির দাবিতে মানববন্ধন ও সংবাদ সম্মেলন




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা অটো, ইজিবাইক মালিক ও চালক সমিতির সদস্য আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসির দাবিতে মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে মেহেরপুর জেলা অটো, ইজিবাইক চালক ও মালিক সমিতি। মঙ্গলবার বেলা ১২ টার সময় হাসপাতাল রোডে সমিতির কার্যালয়ের সামনে এই মানববন্ধন ও সাংবাদিক সম্মেলন করেন তারা। মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক চালক সমিতির সভাপতি মোঃ গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মফলেউর রহমান পিন্টু, নিহত আব্দুর রহমানের ভাগ্নে সাইদুর রহমান সাঈদ, স্ত্রী রেহেনা খাতুন, মেয়ে রিনা খাতুন, রিতু খাতুন। এসময় উপস্থিত ছিলেন, সিনিয়র সহসভাপতি মো পিন্টু, সহ সভাপতি মোঃ রায়হান আলী মিঠু, সহ-সাধারণ সম্পাদক আব্দুল আল মামুন রোকন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ রিপন আলী, কোষাধ্যক্ষ মোহাম্মদ সালাউদ্দিন খোকন, লাইন সম্পাদক মোহাম্মদ আল আমিন প্রমুখ। মানববন্ধনে বক্তারা ঘাতকদের গ্রেফতার ও তাদের ফাঁসি দাবি করেন।




## কালীগঞ্জে আইনশৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

**কালীগঞ্জ প্রতিনিধি :** কালীগঞ্জ উপজেলা আইনশৃংখলা কমিটির মাসিক সভা সোমবার পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে সভাতে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, কালীগঞ্জ থানার অফিসার্স ইনচার্জ আব্দুর রহিম মোল্যা ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভিন। সভাতে বক্তাগন বর্তমানে উপজেলার আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক উল্লেখ করে বলেন, ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে সামাজিক নিরাপত্তা করনীয় বিষয়ে সেমিনার অনুষ্ঠিত




**কালীগঞ্জ প্রতিনিধি :** কালীগঞ্জে "সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সফল বাস্তবায়নে করনীয়" বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে পরিষদের কনফারেন্স রুমে উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান এস এম জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু। সেমিনারে শুরুতেই ভিডিও চিত্র প্রদর্শন করে সরকারের সুবিধাভোগী বিভিন্ন ভাতার বিষয়ে আলোকপাত করেন উপজেলা সমাজ সেবা কর্মকর্তা তরিকুল ইসলাম। তিনি জানান, সরকার দেশের মানুষের জন্য ৫৬ টি সেবা ভাতা প্রদান করে আসছে। এ সেবাসমুহ সুষ্টভাবে বন্টন নিশ্চিতেই সেমিনারের আয়োজন করা ২-এর পাতায় দেখুন





## জয়রামপুর স্টেশন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি শহিদুল, সহ-সভাপতি ইখতিয়ার

**ইমরান হোসেন :** চুয়াডাঙ্গার দামুরহুদার জয়রামপুর স্টেশন পাড়া সরকারি প্রাথমিক পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি সম্পন্ন। বিনা প্রতিদ্বনিদ্বতায় সভাপতি নির্বাচিত হলেন জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শহিদুল ইসলাম, সহ-সভাপতি নির্বাচিত হন ইখতিয়ার হুসাইন। ম্যানেজিং কমিটির চূড়ান্ত নির্বাচনে সভাপতিত্ব করেন বিদ্যালযয়েরর ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে মৎস্য চাষিদের সমৃদ্ধি, সৎস্য চাষ সম্প্রসারণ ও বাজার উন্নয়নে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় পলাশী-পাড়া সমাজ কল্যাণ সমিতি এ কর্মশালার আয়োজন করেন। মঙ্গলবার বেলা ১১টার সময় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বাজার সংযোগ কর্মশালায় উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের ডেপুটি ম্যানেজার মোঃ আলাউদ্দিন আহমেদ। পলাশীপাড়া ২-এর পাতায় দেখুন

## নাইকো মামলা খালেদা জিয়ার আবেদনের শুনানি পিছিয়ে ১৬ জুলাই

**নিজস্ব প্রতিবেদক :** বহুল আলোচিত নাইকো দুর্নীতি মামলার অভিযোগ গঠনের বৈধতা চ্যালেঞ্জ করে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার আবেদনের শুনানির জন্য পিছিয়ে আগামী ১৬ জুলাই দিন ঠিক করেছেন হাইকোর্ট। বিষয়টি নিশ্চিত করেন সিনিয়র অ্যাডভোকেট মো. খুরশীদ আলম খান। তিনি জানান, গতকাল মঙ্গলবার বিষয়টি শুনানির জন্যে ছিল। কিন্তু খালেদা জিয়ার আইনজীবী সময় আবেদন করেন, তখন আদালত আগামী ১৬ জুলাই পর্যন্ত মুলতবি করেন। খালেদা জিয়ার আইনজীবীর সময় আবেদনের প্রেক্ষিতে ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরের গাংনীতে সরকারিভাবে ধান ক্রয় শুরু

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার কৃষকদের কাছ থেকে সরকারি গুদামে বোরো মৌসূমের ধান কেনা শুরু হয়েছে। প্রতি কেজি ৩০ টাকা দরে ধান বিক্রি করতে পারবেন কৃষকরা। মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা খাদ্য গুদামে আনুষ্ঠানিকভাবে ধান ক্রয় কার্যক্রম শুরু হয়। ধান ক্রয় কার্যক্রম অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। উপস্থিত ছিলেন গাংনী ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় 'গ্রামীণ উন্নয়নে পর্যটন' শীর্ষক কর্মশালা

**ইমরান হোসেন :** চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা সম্মেলন কক্ষে গ্রামীণ উন্নয়ন পর্যটন শীর্ষক মতামত সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রালয়ের উপ-সচিব মোহাম্মদ সাইফুল হাসান ঢাকা থেকে ভার্চুয়াল সভার মাধ্যমে প্রধান অতিথি হিসেবে কর্মশালায় যোগদান করেন। কর্মশালায় বিভিন্ন পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, সমবায় অফিসার হারুন অর রসিদ, ২-এর পাতায় দেখুন

## বৃদ্ধকে হত্যার দায়ে মেহেরপুরে একজনের যাবজ্জীবন কারাদন্ড



**মেহেরপুর প্রতিনিধি:** ৮০ বছরে বৃদ্ধ কাজিম উদ্দিন কাজু গ্রামের দোকানে বসে এককাপ চা ও একটি পান খেয়ে বিল দেওয়াকে কেন্দ্র করে গন্ডগোল বাধলে বৃদ্ধ কাজিম উদ্দিনের অন্ডকোষে আঘাত করে ঘটনাস্থলেই তাকে হত্যা করা হয়। ঘটনাটি ঘটে ২০১৩ সালের ২৬ মে রাত ৮টায়। এই ঘটনায় মঙ্গলবার মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের জ্যেষ্ট বিচারক মো: শহিদুল্লাহ ঘটনার প্রধান আসামী শরিফুল ইসলাম (৪২) কে যাবজ্জীবন কারাদন্ড ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও এক বছরের কারাদন্ডাদেশ দিয়েছেন। মামলার বাদী নিহতের ছেলে আবু সাঈদ দফাদারের অভিযোগ- ঘটনার দিন ও ২-এর পাতায় দেখুন



## যশোরে ট্রাক উল্টে পড়লো পথচারীদের ওপর

**এস আর নিরব. যশোর :** যশোর শহরতলীর চাঁচড়া বাবলাতলা এলাকায় একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে পড়েছে পথচারীদের ওপর। এতে নাজির আহমেদ (৫০) নামে একজন পথচারী নিহত এবং আরেকজন আহত হয়েছেন। নওয়াপাড়া হাইওয়ে থানার ওসি হামিদ উদ্দিন আহমেদ জানিয়েছেন, মঙ্গলবার সকাল ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

নিহত নাজির আহমেদ যশোরের চাঁচড়া এলাকার নুরুল ইসলামের ছেলে। আহত ব্যক্তির নাম ইন্দ্র । তিনি খুলনার বয়রা থানার রায়মোহন গ্রামের বাসিন্দা। এ বিষয়ে নওয়াপাড়া হাইওয়ে ২-এর পাতায় দেখুন







সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## পাহাড় কাটা বন্ধে জোরালো পদক্ষেপ নিন

প্রতি বছর বর্ষায় চট্টগ্রাম ও আশপাশের জেলাগুলোতে পাহাড় ধসে মর্মান্তিক প্রাণহানি ঘটে। শুধু প্রাকৃতিক কারণেই পাহাড় ধসে পড়ে না। নিয়ন্ত্রণহীন পাহাড় কাটা, পাহাড়ের উপরিস্থিত গাছপালা কেটে ফেলা, পাহাড়ে স্থাপনা নির্মাণসহ আরো কিছু অপরিণামদর্শী মনুষ্য তৎপরতার পরিণামে প্রায়ই ধসে পড়ছে পাহাড়। গত রবিবার চট্টগ্রাম নগরীর পাহাড় কাটা বন্ধে এক মতবিনিময় সভায় বিভিন্ন সংস্থার সমন্বয়ে সম্মিলিত কমিটি গঠন, বিশেষ এনফোর্সমেন্ট টিম গঠন, হটলাইন প্রতিষ্ঠা, সিডিএ কর্তৃক পাহাড়ি এলাকায় অনুমোদন না দেয়া, পাহাড়ি এলাকায় কোনো ধরনের উন্নয়ন প্রকল্প গ্রহণ না করার দাবি জানান চট্টগ্রামের পরিবেশকর্মী ও সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের প্রতিনিধিরা। বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতির (বেলা) মতে, হাইকোর্ট এবং সরকারের বিভিন্ন সময়ে জারি হওয়া আদেশ উপেক্ষা করে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি এবং খাগড়াছড়িতে পাহাড় কাটা হয়েছে। ১৯৭৬ সালে চট্টগ্রামে ৩২ দশমিক ৩৭ বর্গকিলোমিটার পাহাড় ছিল। ২০০৮ সালে তা কমে ১৪ দশমিক দুই বর্গকিলোমিটারে নেমে আসে। এছাড়া ১৯৮৩ সালে সরকারি আদেশ অনুযায়ী চট্টগ্রামের কোথাও কোনো পাহাড় কাটা যাবে না। ২০০৭ সালে প্রজ্ঞাপন জারি করা হয়, জাতীয় বিশেষ গুরুত্বপূর্ণ প্রয়োজন ছাড়া পাহাড় কাটা যাবে না। উচ্চ আদালত ২০১২ সালের ১৯ মার্চ আদেশ জারি করেন- চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি এবং রাঙ্গামাটিতে কোনো পাহাড় কাটা যাবে না। সরকারের বিভিন্ন সময়ে জারি করা আদেশ এবং উচ্চ আদালতের রায় উপেক্ষা করেই এই অঞ্চলে পাহাড় কাটা হয়েছে। এটা স্পষ্ট, পাহাড় কাটা বন্ধ করতে না পারলে পাহাড়ধস রোধ করা সম্ভব নয়। এছাড়া পাহাড় কাটার কারণে প্রাকৃতিক ভারসাম্য ও জীববৈচিত্র্য নষ্ট হচ্ছে, যা মোটেও কাম্য নয়। সামনে বর্ষা মৌসুম। বর্ষায় পাহাড় ধসে প্রাণহানি ছাড়াও পরিবেশ-প্রকৃতিতে এর ভয়ংকর বিরূপ প্রভাব থেকে বাঁচতে আমাদের সচেতন হতে হবে। নির্বিচারে পাহাড় কেটে অসংখ্য ঘরবাড়ি তৈরি করা হয়েছে। পাহাড় কেটে চলছে প্লট ও ফ্ল্যাট বিক্রির রমরমা বাণিজ্য। এমনকি সরকারি উদ্যোগেও উন্নয়ন কর্মকাণ্ডের নামে পাহাড় কাটার অভিযোগ রয়েছে। দীর্ঘকাল ধরে পাহাড় কাটা, স্থাপনা নির্মাণ, পাহাড়ের গায়ে বেড়ে ওঠা গাছপালা উজাড়ের ফলে পাহাড়ের অবশিষ্ট মাটি আলগা হয়ে যায়। যার ফলে বৃষ্টি হলে পাহাড়ের গা বেয়ে তীব্র বেগে নেমে আসা ঢল আলগা মাটি ধুয়ে নিয়ে নিচে নামতে থাকে। পাহাড় হয়ে পড়ে দুর্বল, জীর্ণশীর্ণ। ঘটে পাহাড়ধস। মারা যায় পাহাড়ের ঢালে বস্তিতে বাস করা নিম্ন আয়ের হতদরিদ্র, ছিন্নমূল মানুষ। গত ১৫ বছরে চট্টগ্রাম মহানগর এবং আশপাশের এলাকায় পাহাড় ধসে ২৪৭ জনের প্রাণহানির ঘটনা ঘটেছে। বর্ষা এলে ঢালের ঝুঁকিপূর্ণ বসতি থেকে লোকজনকে সরিয়ে আনতে স্থানীয় প্রশাসনের নানা উদ্যোগের কথা জানা যায়। শুধু বর্ষায় বসতি উচ্ছেদের ব্যবস্থা করলেই সমস্যার সমাধান হবে না, পাহাড়ধস ঠেকানোরও উদ্যোগ নিতে হবে। বন্ধ করতে হবে পাহাড় কাটা, পাহাড়ের বৃক্ষ উজাড়, উন্নয়নের নামে অপরিকল্পিত স্থাপনা নির্মাণ। এসবের সঙ্গে যারা জড়িত, তাদের আইনের আওতায় আনতে হবে। সর্বোপরি, পাহাড় রক্ষায় সরকারের শীর্ষ মহলকেই এগিয়ে আসতে হবে। পাহাড় কাটা রোধ ও পাহাড়ের সুরক্ষায় সমন্বয় সেল বা আলাদা এনফোর্সমেন্ট টিম গঠন করতে হবে। নিতে হবে দীর্ঘমেয়াদি পরিকল্পনা। এর কোনো বিকল্প নেই।

## এসআই সেকেন্দার ঝিনাইদহ

রাজশাহী থেকে ২টি মোটরসাইকেল উদ্ধার এবং ডাকাতদের গ্রেপ্তার করার মধ্য দিয়ে এস আই সেকেন্দার আবু জাফর  শ্রেষ্ঠ অফিসার নির্বাচিত হয়েছেন। মে মাসের ঝিনাইদহ জেলায় তিনিই একমাত্র এস আই ; যিনি খুলনা ডিআইজি রেঞ্জ কনফারেন্স থেকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করায় পুরস্কৃত হলেন। ২০০৪ সালে এসআই সেকেন্দার বাংলাদেশ পুলিশ বাহি-নীতে যোগদান করেন। ৪ এপ্রিল ২০২২ সালে তিনি ঝিনাইদহের কালীগঞ্জ থানায় যোগদান করেন। যোগদানের পর থেকে কালিগঞ্জ থানার অনেক জটিল মামলা বিশেষ করে হত্যা মামলা রহস্য উদ্ঘাটন করে, আসামিকে আটক করে জেলহাজতে প্রেরণপূর্বক চূড়ান্ত প্রতিবেদনও প্রদান করেছেন সফলতার সাথে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা (ওসি)জানান, এস আই সেকেন্দার আবু জাফর তার কর্তব্য-কর্মের মাধ্যমে ইতিমধ্যে বাংলাদেশ পুলিশে নিজের যোগ্যতার প্রমাণ রাখতে সক্ষম হয়েছেন। আজকের এই পুরস্কার গ্রহণ তাকে আরো দায়িত্বশীলতার সাথে কাজ করতে অনুপ্রাণিত করবে বলে আমি বিশ্বাস করি।

## পুলিশের ২২ এসপি

পুলিশের বিশেষ শাখার ডিআইজি মোহাম্মদ আবুল ফয়েজকে ঢাকার শিল্পাঞ্চল পুলিশে, কেন্দ্রীয় পুলিশ হাসপাতালের ডিআইজি সালেহ্? মোহাম্মদ তানভীরকে পুলিশের বিশেষ শাখায় এবং শিল্পাঞ্চল পুলিশের ডিআইজি জিহাদুল কবিরকে ম্যাস র‍্যাপিড ট্রানজিট, মেট্রো রেলে বদলি করা হয়েছে। অন্যদিকে নরসিংদী জেলার পুলিশ সুপার কাজী আশরাফুল আজীমকে ঢাকা মেট্রোপলিটন পুলিশে, নওগাঁর এসপি মুহাম্মদ রাশিদুল হককে ট্যুরিস্ট পুলিশে, চাঁদপুরের এসপি মো. মিলন মাহমুদকে পুলিশ অধিদপ্তরে, গোপালগঞ্জের এসপি আয়েশা সিদ্দিকাকে বিশেষ শাখায়, মুন্সীগঞ্জের এসপি মোহাম্মদ মাহফুজুর রহমান আল মামুনকে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনে, কুষ্টিয়ার এসপি মো. খাইরুল আলমকে হাইওয়ে পুলিশে, খুলনার এসপি মোহাম্মদ মাহবুব হাসানকে ঢাকা মেট্রোপলিটন পুলিশে, শরীয়তপুরের এসপি মো. সাইফুল হককে শিল্পাঞ্চল পুলিশে, মাদারীপুর ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের এসপি মো. শফিকুল ইসলামকে ম্যাস র‍্যাপিড ট্রানজিট, মেট্রো রেলে বদলি করা হয়েছে।

আরো একটি প্রজ্ঞাপনে বলা হয়, নীলফামারীর এসপি মোহাম্মদ মোস্তাফিজুর রহমানকে নরসিংদীতে, ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার মো. গোলাম সবুরকে নীলফামারীতে, শেরপুরের এসপি মো. কামরুজ্জামানকে নওগাঁয়, বিশেষ শাখার এসপি মোনালিসা বেগমকে শেরপুরে, ভোলার এসপি মোহাম্মদ সাইফুল ইসলামকে চাঁদপুরে, ডিএমপির উপপুলিশ কমিশনার আল-বেলী আফিফাকে গোপালগঞ্জে, অ্যান্টিটেররিজম ইউনিটের এসপি মোহাম্মদ আসলাম খানকে মুন্সীগঞ্জে, চাঁপাইনবাবগঞ্জের এসপি এ এইচ এম আবদুর রকিবকে কুষ্টিয়ায়, পুলিশ অধিদপ্তরের এসপি মো. ছাইদুল হাসানকে চাঁপাইনবাবগঞ্জে, পিরোজপুরের এসপি মোহাম্মদ সাঈদুর রহমানকে খুলনায়, স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রটেকশন ব্যাটালিয়ন-১-এর এসপি মোহাম্মদ শফিউর রহমানকে পিরোজপুরে, অ্যান্টিটেররিজম ইউনিটের এসপি মো. মাহিদুজ্জামানকে ভোলায় এবং গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার মো. মাহবুবুল আলকে শরীয়তুপুরে বদলি করা হয়েছে।

## ঝিনাইদহে খালের পানি স্যালো

স্যালো মেশিন দিয়ে পানি সেঁচা শুরু করে আবু সুফিয়ান। এই বিষয়ে আবু সুফিয়ান উজ্জলের কাছে জানতে চাইলে তিনি বলেন, আপনার মাছ লাগলে নিয়ে যান। স্যালো মেশিন লাগিয়ে সরকারি খালের মাছ ধরা যায় কিনা এমন প্রশ্ন করলে তিনি বলেন, স্থানীয় ইউপি চেয়ারম্যান বিষয়টি জানে। এই বিষয়ে গান্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আতিকুল হাসান মাসুম বলেন, আমিও অভিযোগ পেয়েছি কিছু লোকজন খালে স্যালো মেশিন লাগিয়ে পানি সেঁচে মাছ ধরছে। এই খাল সবার জন্য উন্মুক্ত। কিন্তু কেউ পানি সেঁচে মাছ ধরতে পারেনা। এই বিষয়ে পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা কর্মকর্তার মোবাইল নাম্বারে ফোন দিলে নাম্বারটি বন্ধ পাওয়া যায়। জেলা কার্যালয়ের উপপরিচালক মোঃ আরিফুল ইসলামকে জানালে তিনি বলেন, আগে উপজেলা কর্মকর্তাকে জানান। তিনি কি বলেন দেখেন তারপরে আমি দেখবো। এই বিষয়ে সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিনকে ফোন দিলে তিনি বলেন, আমি স্যারের সাথে রয়েছি। পরে কথা বলছি। পরে তাকে হোয়াটস অ্যাপে বিষয়টি জানানো হলেও কোন উত্তর পাওয়া যায়নি। দেশীয় মাছ রক্ষার্থে জলাশয় থেকে পানি সেঁচে মাছ ধরা সরকারি নিষেধ থাকলে বিআরডিবির এই কর্মচারীর বিরুদ্ধে প্রশাসন কি ব্যবস্থা নেয় তা দেখার অপেক্ষায় এলাকার সাধারণ মানুষ।

## মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের

ফেস্টুন নিয়ে সংগঠনটির কেন্দ্রীয়, জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনটির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মহি উদ্দীন, শিক্ষক নেতা মুহাম্মদ আব্দুল মমিন, আলমগীর হোসেন, শাহানাজ পারভীন মুন্নী, অধ্যক্ষ মাসুদ করিম, ইব্রাহিম খলিল, আব্দুর রাজ্জাক, নাজমুল হাসান, নজরুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, শিক্ষক-কর্মচারীদের অবসর গ্রহণের ৬ মাসের মধ্যে অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের পাওনা পরিশোধসহ কয়েকদফা দাবী তুলে ধরেন। ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় বাজেট পাশের পুর্বেই মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের ঘোষনা না দিলে আগামী ১১ জুলাই থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার কর্মসূচীর পালন করা হবে বলে হুশিয়ারি দেন তারা।

## সড়কে নেই পিচের অস্তিত্ব

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমলমতি শিক্ষার্থীরা স্কুলে আসতে গিয়ে সড়কের উপর পড়ে গিয়ে কান্না কাটি করতে থাকে। তাই পথচারী,কমলমতি শিক্ষার্থী ও মারকাজ মসজিদের মুসল্লীদের কথা চিন্তা করে দ্রুত সময়ের মধ্যে পৌরসভার মেয়র সড়কটি সংস্কার ও সড়কটিতে সন্ধ্যার পর মারকাজ মসজিদের মুসল্লীরা সহ এলাকাবাসী সড়কটিতে চলাচল করতে পারে সেই জন্য প্রত্যেক বিদ্যুতিক পোলেই সোডিয়াম বাতির ব্যবস্থা করবেন সেই আসা এলাকাবাসীর। শুধু সড়ক নয় এ ওয়ার্ডের মানুষ নাগরিক সকল সুযোগ সুবিধা থেকে হচ্ছেন বঞ্চিত। এর কারণে অত্র এলাকায় প্রতিনিয়তই হচ্ছে ছোট বড়ো চুরি ও ডাকাতি।

এই সড়ক দুটির সমস্যার কথা পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর টিপু সুলতান এর কাছে জানতে চাইলে তিনি বলেন, পৌরসভার ধোপাঘাটা গবিন্দপুর পুরাতন ব্রিজ হতে পবহাটি বিশ্ব রোড ও বিশ্ব রোড বাঁশ হাটা হতে সৃজনী মোড় সড়ক পর্যন্ত সড়কের বেহাল দশা আমি নিজেই দেখেছি। যা মানুষের চলাচলের অনুপযোগিতা হয়ে পড়েছে। এই সড়কটি চলাচলের উপযোগী করার জন্য ইতিমধ্যে পৌরসভার মেয়র এর সাথে কথা বলেছি। দ্রুত এই সড়কটি সংস্কার করা হবে। তবে ইতি মধ্যে কিছু সড়কের কাজ করা হয়েছে আর বাকি সড়কের তালিকা তৈরি করা হয়েছে। সেগুলোও পর্যায়ক্রমে সংস্কার করা হবে। যেসকল স্থানে সোডিয়াম বাতি জ্বলছে না সেসকল স্থানে বাতি হয়তো কেটে আছে সেগুলো দ্রুত লাগানোর ব্যবস্থা করব। আর যদি কোন জায়গায় সোডিয়াম বাতি লাগানো না থাকে সেসকল জায়গায় নতুন করে বাতি লাগানোর ব্যবস্থা করা হবে বলে জানান এই জনপ্রতিনিধি।

১ নম্বর ওয়ার্ডের সড়ক দুটির সমস্যার কোন সমাধান হয়নি ৩০ থেকে ৩৫ বছরেও। তাই এখন সড়ক দুটি দ্রুত সময়ে সংস্কার এবং চুরি ও ডাকাতি রোধে প্রত্যেক বিদ্যুতিক পোলে সোডিয়াম বাতি জ্বালানোর ব্যবস্থা করা অত্র এলাকার সাধারণ মানুষের জোর দাবি।

## ফাঁকা চেকে ১ লাখ টাকার

হিসেবে গ্রহন করে। বিনিময়ে একটি ফাঁকা চেক গ্রহন করে আমিরুল। টাকা পরিশোধ হলে চেকটি ফিরিয়ে দেওয়ার কথা ছিলো তার। কিন্তু পরবর্তীতে আমিরুল বলেন টাকা দিতে দেরি হলে প্রতিমাসে এক লক্ষ টাকায় ১০ হাজার টাকা সুদ হিসেবে দেওয়া লাগবে। আমার ব্যবসায়ে ক্ষতি হওয়ায় সময় মতো টাকা দিতে ব্যর্থ হই। পরে সে মামলা করবে বলে হুমকি দিলে আমি মামলার ভয়ে তাকে প্রতি মাসে ১০ হাজার করে সুদ দিতে থাকি। এভাবে ৩ বছরে ৪ লক্ষ টাকা তাকে দিয়েও রেহায় হয়নি। অবশেষে টাকা দিতে ব্যর্থ হলে ২০২০ সালে ফাঁকা চেকে ১১ লক্ষ টাকা বসিয়ে আদালতে মামলা করে আমিরুল। পরবর্তীতে মামলা মিমাংসার কথা বলে বিভিন্ন সময়ে আমার নিকট থেকে মোটা অংকের টাকা গ্রহন করেছে। কিন্তু মামলা না তুলে আমাকে বিভিন্ন ভয়ভীতি দেখাচ্ছে। সুদ কারবারী আমিরুল প্রভাবশালী হওয়ায় তার ভয়ে আমি ঠিকমত বাড়িতে থাকতে পারছি না।

শুধু আমি নয় আমার মত অনেক ব্যবসায়ী পথে বসেছে তাদের মধ্যে আলিফ বেকারী, হাটের রাস্তার শরিফুল, অনির্বান প্রি-ক্যাডেটের স্কুলের প্রতিষ্ঠাতা পরিচালক বিনয় কৃষ্ণ,কুষ্টিয়া দধি ভান্ডারসহ অসংখ্য মানুষ তার অত্যাচারে সর্বশান্ত হয়ে পড়েছে।

এ ব্যপারে অভিযুক্ত আমিরুল ইসলামের সাথে মোবাইল ফোনে কথা বললে তিনি জানান, আমি ব্যবসায়ীক কাজে টাকা দিয়েছিলাম। সেকারনে টাকা না পেয়ে আদালতে মামলা করেছি। মোবাইলে এতো কথা না বলে সামনাসাম-নি এসে কথা বলবো বলে ফোন কেটে দেন তিনি।

## যশোরে ৩ বছর ধরে অকেজো

প্রকৌশলী (বিদ্যুৎ) সাইফুজ্জামান তুহিন বলেন, পরিকল্পনার অংশ হিসেবে ২০১৮ সালে পর্যায়ক্রমে ২১০টি সিসি ক্যামেরা বসানো হয়। এতে পৌরস-ভার ব্যয় হয়েছিল ২৮ লাখ টাকা। ২০১৯ সাল পর্যন্ড় এ ক্যামেরাগুলো সচল ছিল, তবে ৩ বছর অকেজো হয়ে পড়ে আছে। এগুলো সচল করতে বর্তমানে ৭ থেকে ৮ লাখ টাকা ব্যয় হতে পারে।

সরেজমিনে দেখা গেছে, শহরের জজ কোর্ট মোড়, দড়াটানা এলাকা, এমকে রোডে বিদ্যুতের খুঁটির সাথে সিসি ক্যামেরা স্থাপন করা আছে। এগুলোর কোনটির তার বিচ্ছিন্ন, কোনটির ক্যামেরা ভাঙ্গা। আবার কোন কোন স্থানে তারের সাথে ঝুলছে সিসি ক্যামেরা। এসব সিসি ক্যামেরা অকেজো থাকায় অপরাধী সনাক্ত ও অপরাধ নিয়ন্ত্রণে কোন কাজে আসছে না। তাই চুরি, ছিনতাইসহ সন্ত্রাসী কর্মকান্ড হলেও অনেক ক্ষেত্রে জড়িতরা পার পেয়ে যাচ্ছে। যশোর শহরে ৮ নং ওয়ার্ডে চুরি ছিনতাই বেড়েছে দাবি করে গত ৯ জুন এলাকাবাসী শহরের নলডাঙ্গা রোডে মতবিনিময় করেন। সভায় এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন স্থানীয়রা। ওই সভায় অংশ নেয়া সাবেক পৌর কাউন্সিলর সন্তোষ দত্ত জানান, প্রতিদিনই ঘটছে ছিনতাই ও চুরি। সিসি ক্যামেরাগুলো চালু থাকলে অপরাধীদের সনাক্ত করা সম্ভব হতো বলে মনে করেন তিনি।

শহরবাসীর এ দাবি উত্থাপিত হয়েছে গত রোববার আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায়। আইন-শৃঙ্খলা কমিটির জেলা সভাপতি ও জেলা প্রশাসক মো. তমিজুল ইসলাম খান অকেজো সিসি ক্যামেরা নিয়ে কথা বলেন।  এবিষয়ে জানতে চাইলে জেলা প্রশাসক মো. তমিজুল ইসলাম খান বলেন, দ্রুত সিসি ক্যামেরাগুলো সচল করার তাগিদ দিয়েছি। সভায় উপস্থিত পৌরসভার প্রতিনিধি ছিলেন। তাকে বলা হয়েছে। আবার লিখিতভাবেও ব্যবস্থা নিতে বলা হবে।

এ ব্যাপারে জানতে চাইলে,যশোর পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) সাইফুজ্জামান তুহিন বলেন, যশোর জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী অচল সিসি ক্যামেরা সচল করার নির্দেশনা পেয়েছি। এ বিষয়ে দ্রুততই কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।

এ বিষয়ে যশোরের অতিরিক্ত পুলিশ সুপার বেলাল হোসাইন বলেন, সিসি ক্যামেরা চালু থাকলে অপরাধী সনাক্ত করা ও অপরাধ নিয়ন্ত্রণ সহজ হয়। শহরবাসীর সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে আমরা সিসি ক্যামেরাগুলো সচল করতে আইনশৃংখলা কমিটির সভায় বলেছি। আশা করছি দ্রুত সচল হবে।

## হরিশংকরপুরে মানুষকে বাঁচাতে

করে। ছাগলটিকে বাঁচাতে গেলে কয়েকজনকে বাঘটি আক্রমন করে। পরে তাদেরকে আক্রমন করে। শাবক বাঘের হাত ধেকে মানুষকে বাঁচাতে গ্রামবাসী বাঘটিকে হত্যা করে।

## হতদরিদ্র মেধাবী ছাত্র জিহাদের

পড়ে তার পরিবারটি। খবরটি গত ১১ জুন তাদের এমন অসহায়ত্বের খবরটি বিভিন্ন পত্র পত্রিকায় বের হয়। এরপর খবরটি দেখেই জিহাদের পাশে এগিয়ে আসেন কালীগঞ্জ পৌর মেয়র।

মেয়র আশরাফ জানান, তিনি শুনেছেন জিহাদের পরিবারটি একেবারেই হতদরিদ্র। এতদিন সে বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের সহযোগিতায় পড়াশোনা চালিয়ে এসেছে। কিন্তু এখন অর্থাভাবে সে বিশ্ববিদ্যালয়ে চান্স পেলেও সে ভর্তি হতে পারছেনা। বিষয়টি তার কাছে বেশ কষ্টদায়ক মনে হয়েছে। তাই তিনি ওই মেধাবী ছাত্রের পাশে দাড়াতে কিছু সহযোগিতার হাত বাড়িয়েছেন মাত্র।

উল্লেখ্য, জিহাদের পরিবারিক সুত্র থেকে আরো জানা গেছে, জিহাদের বড় ভাই জাহিদও ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ছে। কিন্তু দরিদ্র বাবা তার বিশ্ববিদ্যালয়ের খরচ দিতে পারেন না। এমন অবস্থায় বড় ছেলে জাহিদ টিউশনি করেই তার বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার খরচ চালিয়ে আসছে।

## চলছে দা বটি ছুরি চাপাতি

বছরের অন্য সময় তাদের কাজের তেমন চাপ থাকে না। এই সময় কাজের চাপ বেশি হওয়ায় অনেক স্থানে দেখা মিলছে মৌসুমি কামারের। বছরের প্রায় সময় কাজ না থাকায় জেলার অনেক কামার এ পেশা ছেড়ে অন্য পেশায় চলে গেছেন। তারাও এ মৌসুমটা কাজে লাগাচ্ছে। মানিকদিয়ার বুদু কামার জানান, প্রতি বছর এক ঈদ মৌসুমেই যত কেনাবেচার ধূম। আর এ থেকে অর্জিত টাকা আর অন্য কাজ করে টাকা দিয়েই সারা বছর সংসার চালাতে হয়। কোরবানি ঈদ এলে কাজ বেড়ে যায়। ছোট ছুরি থেকে শুরু করে বড় ছুরি ও দাসায় শাণ দেয়ার জন্য ৩০ টাকা থকে ৮০ টাকা পর্যন্ত নেয়া হয়। আবার নতুন ধারালেঅ অস্ত্র তৈরী করে বাজারে বিক্রি করা হয়। রকম ভেদে বিভিন্ন অস্ত্রের দাম ভিন্ন ভিন্ন। ৫৫ টাকা থেকে দেড় হাজার টাকার ধারালো অস্ত্র বিক্রি হচ্ছে যেগুলো কোরবানীর পশু জবাই, চামড়া ও মাংস ছাড়ানো ছাড়াও দৈনন্দিন কাজে লাগবে। কামার শিল্পী জীবন কর্মকার ও সুমন কর্মকার জানান, এক সময় কামারদের যে কদর ছিল বর্তমানে তা আর নেই। মেশিনের সাহায্যে বর্তমানে আধুনিক যন্ত্রপাতি তৈরি হচ্ছে। ফলে আমাদের তৈরি যন্ত্রপাতির প্রতি মানুষ আকর্ষণ হারাচ্ছে। হয়তো বা এক সময় এই পেশা আর থাকবে না। তবে কোরবানির ঈদের সময় আমরা একটু আশাবাদী হই। এ সময় আমাদের রোজগার ভাল হয়। বাজারে দেখা গেছে, কামারদের তৈরী বিভিন্ন ধারালো অস্ত্র বিক্রি হচ্ছে। সাইজ ও ওজন ভেদে দাম একেক রকম। একটা দা দেড়শ টাকা থেকে পাঁচশ টাকা, ছোট ছুরি ৫০ টাকা থেকে দেড়শ টাকা, বড় ছুরি আড়াইশ টাকা থেকে তিনশ টাকা। কয়লা আর লোহা ইস্পাতের দাম বেড়ে যাওয়ায় তাদের তৈরী অস্ত্রের দামও বেশি হাকতে হচ্ছে।

## শৈলকুপায় ভ্রাম্যমাণ আদালতে

সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট মোঃ বনি আমিন  এ জরিমানা আদায় করেন। এসময় শৈলকুপা থানার একজন এস আইসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন।

নির্বাহী ম্যাজিষ্ট্রেট বনি আমিন  জানান, মেয়াদ উত্তীর্ন ও বিক্রয় অযোগ্য ঔষধ রাখায় শৈলকুপা বাজারের ডিগ্রী কলেজ রোডের এলাকার পোদ্দার ক্লিনিকের মালিককে ২০ হাজার ও তাজ ফার্মেসির মালিকের ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের অভিযান অব্যাহত থাকবে।

## কালীগঞ্জে আইনশৃংখলা কমিটির

আসন্ন কোরবানী ঈদকে সামনে রেখে গরু চোরের উৎপাত বাড়তে পারে। এছাড়াও মহাসড়কে ও বাজারে অবৈধ পার্কিংয়ে যানজট বেড়েছে। এসব প্রতিরোধে মটর মালিক সমিতি ও মটর শ্রমিক ইউনিয়ন নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করা হয়। সেই সাথেই যানজটে জনদূর্ভোগ কমাতে কালীগঞ্জ ও বারবাজার হাইওয়ে থানার ওসিকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনে আহব্বান জানান। এছাড়াও বক্তাগন, বাল্য বিবাহ ও অপমৃত্যু রোধে সকলকে সামাজিকভাবে কাজ করার কথা বলেন।

সভাতে আরো বক্তব্য রাখেন, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন, ইউ পি চেয়ারম্যান মহিবুল ইসলাম মন্টু, আলাউদ্দিন আল আজাদ, রাজু আহম্মেদ রনি লস্কর, আজিজুল খাঁ, সাংবাদিক নয়ন খন্দকার ও কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের প্রতিনিধি সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগন উপস্থিত ছিলেন।

## কালীগঞ্জে সামাজিক নিরাপত্তা

হয়েছে। কালীগঞ্জ উপজেলা সমাজ সেবা অফিসের আয়োজনে সেমিনারে বিভিন্ন বিষয়ে আলোচনার উপর অংশ নিয়ে বক্তব্য রাখেন, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন, ইউ পি চেয়ারম্যান মহিবুল ইসলাম মন্টু, আলাউদ্দিন আল আজাদ, আজিজুল খাঁ, পৌরসভার মহিলা কাউন্সিলর শামসুন্নাহার বিনা ও সাংবাদিক আরিফ মোল্ল্যা প্রমুখ। সেমিনারে উপজেলার বিভিন্ন এলাকার সেচ্ছাসেবী সংগঠন, মহিলা সমিতি ও কষক প্রতিনিধি সহ উপজেলা সমাজ সেবা অফিসের কর্মকর্তাগন অংশ নেয়।

## জয়রামপুর স্টেশন পাড়া সরকারি

সাবেক সভাপতি ও কুকিয়া চাঁদপুর আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর সহকারী শিক্ষক আসাদুজ্জামান খান। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিদ্যালযয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রুমনা আফরোজ রিয়া। এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন যুবলীগের সভাপতি আয়ুব আলি স্বপন। হাউলী ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম-আহবায়ক রায়হানুল ইসলাম রায় হান। এছাড়াও বিভিন্ন স্থানীয় নেতাকর্মী।

## মেহেরপুরে বাজার সংযোগ

সমাজ কল্যাণ সমিতির পরিচালক  মোহাঃ কামরুজ্জামানের সঞ্চালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা  মোঃ রোকনুজ্জামান, সদর উপজেলা মৎস্য কর্মকর্তা গোলাম ছারোয়ার, গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার সহিদুর রহমান। কর্মশালায় বিভিন্ন প্রদর্শনী ও সংস্থার কার্যক্রম সংক্রান্ত প্রামান্য চিত্র তুলে ধরেন পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির মৎস্য কর্মকর্তা মোঃ সা্ঈদ উর রহমান। গাংনী উপজেলার বিভিন্ন এলাকার মৎস্যচাষি, মৎস্য ব্যবসায়ী, জেলে ও ফিড ব্যবসায়ীগন ও পিএসকেএসএর বিভিন্ন ইউনিট প্রধান ও গণমাধ্যমকর্মীর্রা উপস্থিত ছিলেন। উন্মুক্ত আলোচনায় গাংনীতে হ্যাচারি স্থাপন, মৎস্য বিক্রয়কেন্দ্র স্থাপন ও মাছ মোটাতাজা করণে বিভিন্ন আলোচনা অনুষ্ঠিত হয়।

## বৃদ্ধকে হত্যার দায়ে মেহেরপুরে

সময়ে মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর মাঠপাড়া গ্রামের চা দোকানদার নাজিম উদ্দিনের দোকানে যায় চা ও পান খাওয়া শেষে বিল দেওয়াকে কেন্দ্র করে দোকানদারের নাজিমের সাথে বৃদ্ধ'র ঝগড়া বাধে। এ সময় শরিফুল সহ ৮জন দোকানদারের পক্ষ নিয়ে বৃদ্ধ'র উপর চড়াও হয়। তারা বৃদ্ধকে এলোপাতাড়ি মারধর শুরু করে। বৃদ্ধ মাটিতে পড়ে গেলে শরিফুল নিজের হাত দিয়ে সজোড়ে বৃদ্ধ'র অন্ডকোষে আঘাত করলে ঘটনাস্থলেই বৃদ্ধ কাজিম উদ্দিন কাজুর মৃত্যু হয়। জজ আদালতের আইন কর্মকর্তা (পিপি) পল্লব ভট্টাচার্য্য জানান- ওই রাতেই সদর থানায় হত্যা মামলা হয়। ময়নাতদন্ত রিপোর্টে অন্ডোকোষে আঘাতের চিহ্ন পাওয়া গেছে বলে উল্লেখ আছে। পরে ২০১৩ সালের ২২ জুলাই পুলিশ মামলার চার্জশীট আদালতে দাখিল করেন। আদালত মামলার সাক্ষী প্রমানে হত্যার সুনিদিষ্ট অভিযোগ প্রমানিত হলে ৯জন আসামীর মধ্যে শরিফুল ইসলামের বিরুদ্ধে দন্ডবিধির ৩০৪ ধারায় বিচারক যাবজ্জীবন কারাদন্ডাদেশ দিয়েছেন এবং অন্য সকল আসামীকে বেকসুর খালাস দেন। দন্ডপ্রাপ্ত শরীফুলের বাড়ি ওই গ্রামেই। তার পিতার নাম মো: রোমাজিত। মামলায় আসামীপক্ষের কৌশলী শফিকুল ইসলাম এই রায় নিয়ে কোন মন্তব্য প্রকাশ করেননি।

## দামুড়হুদায় 'গ্রামীণ উন্নয়নে পর্যটন'

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম, পার কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফসহ বিভিন্ন রাজনৈতিক ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। অতিথিরা পর্যটন উন্নয়নে ব্যাপক সম্ভাবনা রয়েছে মর্মে বক্তারা মতামত ব্যক্ত করেন।

## মেহেরপুরের গাংনীতে সরকারিভাবে

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ইশরাত জাহান, খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা হাসান সাব্বিরসহ কর্মকর্তাবৃন্দ। আগামি ৩০ জুন পর্যন্ত ৩০ টাকা কেজি দরে গাংনী উপজেলার কৃষকদের উৎপাদিত ৪৪৪ মেট্রিক টন ধান ক্রয় করবে গাংনী উপজেলা খাদ্য গুদাম কর্তৃপক্ষ।

## যশোরে ট্রাক উল্টে পড়লো

থানার ওসি হামিদ উদ্দিন আহমেদ জানান, তুষভর্তি একটি ট্রাক বেনাপোল থেকে খুলনার দিকে যাচ্ছিল। পথে ট্রাকটি চাঁচড়া বাবলাতলা এলাকায় একটি ইজিবাইককে রক্ষা করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার বাঁ দিকে উল্টে যায়। এতে দুজন পথচারী আহত হন। এ সময় ট্রাকচালক পালিয়ে যায়। হাইওয়ে পুলিশ খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। আহতদের উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে পাঠালে সেখানে চিকিৎসাধীন অবস্থায় নাজির নামে একজন মারা যান।

## দেশটা কারো বাবার নয়

পদযাত্রার আগে সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বিদ্যুতের অসহনীয় নজিরবিহীন লোডশেডিং, বিদ্যুৎখাতে দুর্নীতি ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদে এবং নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবিতে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির পদযাত্রা করে। মির্জা ফখরুল বলেন, সম্পূর্ণ মিথ্যা মামলা দিয়ে এই সরকার আমাদের বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে জেলে আটকে রেখেছিল। এখন ঘরে গৃহবন্দি করে রাখা হয়েছে। আমাদের নেতা তারেক রহমানকে বিদেশে নির্বাসিত করে রেখেছে সরকার। আমাদের এমন নেতা নেই যার বিরুদ্ধে একের অধিক মামলা নেই।

এ সরকারে একটাই মাত্র কাজ জনগণের পকেট কাটা মন্তব্য করে তিনি বলেন, গ্রামের বাজারে দেখেন না, পকেট কাটা বলে, পকেট কাটা ধর ধর। এখন সময় আসছে আসল পকেট কাটাকে ধরার। এমন একটা জিনিস নেই সেখান থেকে সরকার পকেট কাটে না। মোবাইল থেকে তারা পকেট কেটে নেয়। বিদ্যুতের কার্ডে টাকা দিলে দেখবেন তিনশো টাকা নেই। কেটে নিয়ে গেছে শেখ হাসিনা। এক বছরে আমাদের ৭৮ হাজার কোটি টাকা পাচার হয়। সরকার এখন বলে কয়লা নেই, গ্যাস নেই, কেন ভাই? টাকাতো আগে নিয়ে নিছো। টাকা কই গেল? সব পাচার করেছো। বিএনপি মহাসচিব বলেন, ভিসানীতির কারণে সরকার বেকায়দায় পড়ে গেছে। তাই তারা পাচার করা টাকা নিয়ে আনছে। আবার সেই টাকায় আড়াই পার্সেন্ট ইনসেনটিভ দিতে হচ্ছে। এখন টাকা পাচারকারীদের পুরস্কার দেওয়া শুরু হয়েছে। এখন চুরি করেও পুরস্কার পাওয়া যায়। সরকারের গলা বাজি শেষ হয় না। মিডিয়ার ওপর খড়্গ বসে আছে। সাংবাদিকরা মন খুলে কিছু বলতে পারে না। এদেশটা কারো বাবার নয়, এটা আপনার আমার সবার দেশ উল্লেখ করে বিএনপির ওই নেতা বলেন, সবাই মুক্তিযুদ্ধ করে এ দেশটাকে আমরা স্বাধীন করেছি। কিন্তু সেই দেশে কোন কথা বলার অধিকার নেই। নিরাপত্তা নেই। নির্বাচন কমিশনের সমালোচনা করে তিনি বলেন, নির্বাচন কমিশন কী চেয়েছিলেন বরিশালের মেয়রপ্রার্থী মারা যাক? ধিক্কার জানাই তার এমন কথায়।

তিনি বলেন, সিরাজুল আলম খান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ছিলেন। কিন্তু এই আওয়ামী লীগ তাকে মৃত্যুর পর সম্মান পর্যন্ত দিলো না। একটি শোকবার্তাও দেয়নি এ সরকার। কারণ তিনি এদের বিরুদ্ধে লড়াই করে ছিলেন। এদের তৈরি রক্ষীবাহিনীর বিরুদ্ধে দাঁড়িয়ে ছিলেন। সে সময় এই রক্ষী বাহিনী ৪০ হাজার মুক্তিযোদ্ধাকে হত্যা করে ছিল। এই আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর বিচার বিভাগকে হাতে নিয়ে সব কুটকৌশল করে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করলো। কারণ তারা বুঝতে পারলো নির্বাচনে গেলে জনগণ তাদের কেউ ভোট দেবে না। কারণ তারা ভালো কিছু করেনি। এই ভয়ে তারা নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দিতে ভয় পায়। ওবায়দুল কাদের সমালোচনা করে মির্জা ফখরুল বলেন, আসুন না, রাস্তায় পুলিশ, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীরকে ছাড়া। দেখবেন কার কত সাহস। নির্দলীয় সরকারের অধীনে নির্বাচন দিন, দেখবেন কার কত সাহস আর শক্তি। জনগণ আপনাদের কী করে।

সরকারকে হুঁশিয়ারি উচ্চারণ করে মহাসচিব বলেন, নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দিন। না হলে পালাবার পথ টুকুও পাবে না। এখনতো আবার আমেরিকা আপনাদের পালাবার পথ বন্ধ করে দিয়েছে।

আব্দুস সালাম বলেন, আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। আমাদের মহানগরের সদস্য সচিব রফিকুল আলম মজনুকে গ্রেপ্তার করেছে এ সরকার। এরা আদালতের নির্দেশ পর্যন্ত মানেছে না। আমাদের সবাইকে গ্রেপ্তার করলেও আন্দোলন বন্ধ হবে? হবে না। এ সরকারের লজ্জাও লাগে না। এ সরকার ক্ষমতায় আসার পর দেশের অবস্থা বারোটা বাজিয়েছে। স্বয়ং আওয়ামী লীগের নেতা শেখ মজিবুর রহমান বুঝতে পেরেছিলেন, এই দেশের মানুষ আওয়ামী লীগকে আর চায় না। তিনি জানতেন, আওয়ামী লীগ নেতারা বাটপার, চোর, লুণ্ঠনকারী। তাই তিনি আওয়ামী লীগকে বিলুপ্ত করেছিলেন। ঢাকা মহানগর দক্ষিণের বিএনপির আহ্বায়ক আব্দুস সালামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন বিএনপি যুগ্ন মহাসচিব খায়রুল কবির খোকন, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরাফত আলী সপু, স্বনির্ভর বিষয়ক সম্পাদক শিরিন সুলতানা মুক্তিযোদ্ধা দলের সাধারণ সম্পাদক সাদেক খান, কৃষক দলের সভাপতি হাসান জারিফ তুহিন, ঢাকা জেলা বিএনপির সভাপতি খন্দকার আবু আশফাক, ঢাকা মহানগর দক্ষিণের যুগ্ম আহ্বায়ক আনম সাইফুল ইসলাম, তানভীর আহমেদ রবিন প্রমুখ।

## খালেদা জিয়ার আবেদনের শুনানি

গতকাল মঙ্গলবার হাইকোর্টের বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আমিনুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে গতকাল মঙ্গলবার আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী এ জে মোহাম্মদ আলী। আর দুদকের পক্ষে ছিলেন সিনিয়র অ্যাডভোকেট মো. খুরশীদ আলম খান। অন্যদিকে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার সারোয়ার হোসেন বাপ্পী। এর আগে গত ১৭ মে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার পক্ষে এ আবেদন করেছেন আইনজীবী কায়সার কামাল।

## বাংলাদেশে ৪০ কোটি ডলার

দৃঢ় বলেও জানান তিনি। পাশাপাশি দরিদ্র ও দুর্বলদের জন্য আয় বৃদ্ধিতে সরকারের সহায়তা প্রচেষ্টাকে শক্তিশালী করবে।

নতুন আয়কর আইনের মাধ্যমে আয়কর সংগ্রহ বৃদ্ধি, কর সংগ্রহে ত্রুটি কমানোসহ বিভিন্ন পদক্ষেপ শক্তিশালী করবে ও বিস্তার ঘটাবে বলেও জানানো হয়।

আরো বলা হয়, নতুন প্যাকেজটি ডিজিটাল চ্যানেল ও ই-ওয়ালেট ব্যবহার করে স্বল্পমূল্যের ক্ষুদ্রঋণ দেয়ার জন্য বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের উদ্ভাবনী অর্থায়ন পরিষেবা চালুকে সমর্থন করে। এটি প্রান্তিক ও ভূমিহীন কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী এবং নিম্ন আয়ের ব্যক্তিদের ব্যাংক ঋণ প্রদানের সুবিধা দেয়।

## মুক্তিযুদ্ধের চেতনা বর্তমান

১৯৭১ এর গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের ব্যাপারে সেক্টর কমান্ডারস ফোরামকে তৃণমূল পর্যায় থেকে আন্তর্জাতিক পর্যায়ে সর্বস্তরে জনমত সৃষ্টিতে কাজ করার আহ্বান জানান।

রাষ্ট্রপতির প্রেস সচিব বাসসকে জানান, সাক্ষাৎকালে নেতৃবৃন্দ ফোরামের সার্বিক কার্যক্রম ও কর্মপরিকল্পনা রাষ্ট্রপতিকে অবহিত করেন।

তাঁরা রাষ্ট্রপতিকে জানান, ১৯৭১ সালে সংঘটিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে সেক্টর কমান্ডারস' ফোরাম জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কাজ করছে।

রাষ্ট্রপতি বলেন, মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের বিজয় বাঙালি জাতির ইতিহাসে একটি স্বর্ণোজ্জ্বল অধ্যায়।

এসময় সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।

## আগামী মাস থেকে টিসিবির

বক্তব্যে তিনি এ কথা জানান। বাণিজ্যমন্ত্রী বলেন, 'টিসিবির মাধ্যমে আমরা প্রতি মাসে এক কোটি পরিবারের মাঝে সাশ্রয়ী মূল্যে তেল, চিনি, মশুর ডাল এবং রমজান মাসে ছোলা ও খেজুর বিতরণ করে থাকি। আগামী মাস থেকে প্রতি কার্ডের বিপরীতে ৫ কেজি করে চাল দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। দেশের এক কোটি কার্ডধারী পরিবারের মাঝে এখন অন্যান্য পণ্যের পাশাপাশি ভর্তুকি মূল্যে চাল দেয়া হবে।'

টিপু মুনশি বলেন, 'বৈশ্বিক পরিস্থিতি কারণে দেশে দ্রব্যমূল্য কিছুটা উর্ধ্বগতি। তারপরেও আমরা মূল্য নিয়ন্ত্রণের চেষ্টা করছি। ইতোমধ্যে আন্তর্জাতিক বাজারের সঙ্গে সমন্বয় করে তেলের দাম কমানো হয়েছে। এছাড়া চিনি ও ডাল ছাড়াও অন্যান্য পণ্যের দাম কমানোর বিষয়ে ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা চলছে।'

তিনি আরো বলেন, 'টিসিবির মাধ্যমে যাদের উদ্দেশ্য করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশে স্বল্প মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সরবরাহ করা হচ্ছে এসব পণ্য তাদের হাতে ঠিকমতো যাচ্ছে কিনা তার মনিটরিং করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। যদি কেউ অনিয়ম করে তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলেও হুঁশিয়ারি উচ্চারণ করেন।'

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'টিসিবির কার্ড স্মার্ট করার কাজ চলমান রয়েছে। এই কাজ সম্পন্ন হলে যেকোনো অনিয়ম রোধ করা সম্ভব হবে। শুধু ঢাকাতেই নয় সারাদেশের সকল কার্ডই স্মার্ট কার্ডে রুপান্তর করা হবে।'

বাণিজ্যমন্ত্রী বলেন, 'করোনা পরবর্তী ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাবে বিশ্বব্যাপী সংকটময় পরিস্থিতি বিরাজ করছে। যতদিন পরিস্থিতি স্বাভাবিক না হবে ততদিন টিসিবির মাধ্যমে স্বল্প মূল্যে পণ্য বিতরণ অব্যাহত থাকবে এটা প্রধানমন্ত্রীর নির্দেশ বলেও উল্লেখ করেন তিনি।'

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ। এসময় টিসিবির চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মো. আরিফুল হাসান, উত্তর সিটি কর্পোরেশনের ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব সফিউল্লাহ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন।

## ৭ মাসের শিশুকে মায়ের কোলে

বাড়িতে রেখে স্ত্রীকে বাড়ি থেকে বের করে দেন। পরে সন্তানকে উদ্ধারে ব্যর্থ হন শিশুটির মা। একপর্যায়ে উলিপুর থানার নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্কের সহায়তা নেন তিনি। উলিপুর থানাপুলিশ বিষয়টি আমলে নিয়ে দুই ঘণ্টার মধ্যে শিশুটিকে উদ্ধার করে মায়ের কাছে ফিরিয়ে দেয়। ওসি শেখ আশরাফুজামান বলেন, অভিযোগ পাওয়ার দুই ঘণ্টার মধ্যে শিশুটিকে তার বাবার কাছ থেকে উদ্ধার করে মায়ের কাছে ফিরিয়ে দেওয়া হয়েছে।

## ওয়ার্ল্ড অব ওয়ার্ক সামিটে যোগ

লিটন, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী, মন্ত্রী পরিষদ সচিব, মুখ্যসচিব, তিন বাহিনী প্রধানগণ, পুলিশের মহাপরিদর্শক এবং ডিপ্লোমেটিক কোরের প্রধান বিমান বন্দরে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। স্থানীয় সময় বিকেল সাড়ে ৫টায় (বাংলাদেশ সময় রাত সাড়ে ৯টা) ফ্লাইটটি জেনেভা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে বলে আশা করা হচ্ছে।

জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার, ইউএনএইচসিআর প্রধান ফ্লিপো গ্র্যান্ডি ১৪ জুন প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর অবস্থানস্থলে সাক্ষাৎ করবেন।

পরে, প্রধানমন্ত্রী প্যালাইস ডি নেশনস-এ সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালেন বারসেটের সঙ্গে সাক্ষাৎ করবেন। সাক্ষাতের পর সেখানে বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির বিষয়ে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হতে পারে।

বিকেলে, প্রধানমন্ত্রী প্যালাইস ডি নেশনস-এ 'ওয়ার্ল্ড অফ ওয়ার্ক সামিট ২০২৩' এর প্লেনারিতে ভাষণ দেওয়ার কথা রয়েছে।

প্রধানমন্ত্রী সেখানে পৌঁছালে আইএলও'র এডিজি ও আঞ্চলিক পরিচালক তাকে অভ্যর্থনা জানাবেন। গেট থেকে সভাস্থল পর্যন্ত লাল গালিচা বিছানো হবে এবং গার্ড অব অনার প্রদান করা হবে।

শেখ হাসিনা মাল্টার প্রেসিডেন্ট ড. জর্জ ভেলার সঙ্গেও বৈঠক করবেন। পরে তিনি আইএলও মহাপরিচালক গিলবার্ট এফ হাউংবোর সঙ্গে বৈঠক করবেন। প্রধানমন্ত্রী সন্ধ্যায় আইএলও এর সদর দফতরে উচ্চ পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিদের জন্য ডিজি কর্তৃক আয়োজিত একটি নৈশভোজে যোগ দিবেন বলে আশা করা হচ্ছে।

১৫ জুন, প্রধানমন্ত্রী ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (ডাব্লিউইএফ) অফিসে ডাব্লিউইএফ এর প্রতিষ্ঠাতা অধ্যাপক ক্লাউস শোয়াবের সাথে একটি বৈঠকের পরে 'এ টক অ্যাট দ্য ডাব্লিউইএফ'-এ তাঁর যোগ দেওয়ার কথা রয়েছে।

সেখানে তিনি ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (ডাব্লিউইএফ) আয়োজিত 'নিউ ইকোনমি অ্যান্ড সোসাইটি ইন স্মার্ট বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানে বক্তব্য রাখবেন।

সন্ধ্যায়, ডাব্লিউটিও মহাপরিচালক ড. ওকোনজো-আইওয়ালা প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর অবস্থানস্থলে সাক্ষাত করবেন। সন্ধ্যায় তিনি একটি কমিউনিটি অনুষ্ঠানে যোগ দেবেন।

শেখ হাসিনা ১৬ জুন সকাল ১১টায় (স্থানীয় সময়) ঢাকার উদ্দেশে জেনেভা আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবেন।

আগামী ১৭ জুন তাঁর ঢাকায় ফেরার কথা রয়েছে।

'দ্য ওয়ার্ল্ড অফ ওয়ার্ক সামিট ২০২৩: সকলের জন্য সামাজিক ন্যায়' হচ্ছে সামাজিক ন্যায়বিচারের সমর্থনে অধিকতর, সমন্বিত এবং সুসংগত পদক্ষেপের প্রয়োজনে বিশ্বব্যাপী সোচ্চার হওয়ার একটি উচ্চ-পর্যায়ের ফোরাম।

এটি সামাজিক ন্যায়বিচারের জন্য একটি গে-াবাল কোয়ালিশন গঠনের প্রস্তাব নিয়ে আলোচনা ও অবহিত করার সুযোগ দেবে। আন্তর্জাতিক শ্রম অফিসের ৩৪৭তম অধিবেশনে গভর্নিং বডি এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে।

ফ্রান্সের সাবেক প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া ওলাঁদ, পানামার সাবেক প্রেসিডেন্ট জুয়ান কার্লোস ভারেলা এবং ২০১৪ সালে নোবেল শান্তি পুরস্কার বিজয়ী কৈলাশ সত্যার্থী, এবং  নিয়োগকর্তা ও শ্রমিকদের প্রতিনিধিসহ বেশ কয়েকজন উচ্চ-পর্যায়ের অতিথি সম্মেলনে ভাষণ দেবেন।দুই দিনের এই শীর্ষ সম্মেলনটি আরও টেকসই এবং ন্যায়সঙ্গত বিশ্ব তৈরিতে সামাজিক ন্যায়বিচারের মূল ভূমিকা তুলে ধরবে এবং সামাজিক ন্যায়বিচারকে এগিয়ে নিতে এবং নীতির সুসমন্বয় নিশ্চিত করার জন্য বর্ধিত ও অধিকতর সঙ্গত যৌথ পদক্ষেপের কৌশল নিয়ে আলোচনা করবে। এ সম্মেলন হচ্ছে অংশগ্রহণকারীদের জন্য একটি ফোরাম যেখানে তারা সামাজিক ন্যায়বিচার সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি ও অগ্রাধিকারগুলো সম্পর্কে মতবিনিময় করার পাশাপাশি সামাজিক ন্যায়বিচারকে এগিয়ে নিতে তাদের পদক্ষেপ ও অঙ্গীকারগুলো তুলে ধরার সুযোগ পাচ্ছেন।   আশা করা হচ্ছে এ শীর্ষ সম্মেলনের ফলাফল বৃহত্তর সামাজিক ন্যায়বিচার অর্জনের কৌশলগুলো সম্পর্কে অন্যান্য বহুপাক্ষিক ফোরাম যেমন, ২০২৩ সালে টেকসই উন্নয়ন লক্ষ্য শীর্ষ সম্মেলন, জি২০ এবং ব্রিকস দেশসমূহের শীর্ষ সম্মেলনের আলোচনায় তুলে ধরা হবে।

# সামরিক বাহিনী ছাড়তে দেয়া হলো না দিমিত্রিকে

**আন্তর্জাতিক ডেস্ক :** দিমিত্রি রাশিয়ায় তার মূল ঘাঁটিতে ফিরে আসেন ২০২২ সালের এপ্রিল মাসে। তিনি মনে করেছিলেন, সেখানে থাকতে থাকতেই তার ডিকমিশনিং অর্থাৎ সামরিক বাহিনী থেকে ছাড়া পাওয়ার কাগজপত্র তৈরি হয়ে যাবে। কিন্তু সেপ্টেম্বর মাসে প্রেসিডেন্ট পুতিন ঘোষণা করলেন, রুশ বাহিনীতে আরো সৈন্য সমাবেশের কথা। দিমিত্রিকে বলা হলো, তাকে এখন সামরিক বাহিনী ত্যাগ করতে দেয়া হবে না। তিনি জানতেন, কোনো না কোনো সময় তাকে ইউক্রেনে পাঠানো হবেই। তাই আগে থেকেই তিনি রাস্তা খুঁজছিলেন কিভাবে তা এড়ানো যায়। 'আমি একজন সামরিক অফিসার। আমার কর্তব্য হলো দেশকে আক্রমণের হাত থেকে রক্ষা করা। আমি একটি অপরাধের সহযোগী হতে বাধ্য নই। কেউ আমার কাছে ব্যাখ্যা করেনি যে কেন এ যুদ্ধ শুরু হলো, কেন আমাকে ইউক্রেনীয়দের আক্রমণ করতে হবে, কেন তাদের শহরগুলোকে ধ্বংস করতে হবে।'

**বেতন নিয়ে অসন্তুষ্ট রুশ সৈন্যরা:** দিমিত্রি বর্ণনা করছেন, সামরিক বাহিনীর ভেতরের মনোভাবকে বলা যায় মিশ্র। কম সৈনিকই বিশ্বাস করে যে তারা আসলেই কোনো বিপদ থেকে রাশিয়াকে রক্ষার জন্য যুদ্ধ করছে। যদিও অনেকদিন ধরেই রাশিয়ার সরকারি ভাষ্য হচ্ছে এটাই - রাশিয়ার বিরুদ্ধে একটি আক্রমণ ঠেকানোর জন্য মস্কো 'বিশেষ সামরিক অপারেশন' চালাতে বাধ্য হয়েছে। দিমিত্রি মিশভের মতে, সেনাবাহিনীতে সবচেয়ে জোরালো যে অনুভূতি তা হচ্ছে নিম্ন বেতনকে কেন্দ্র করে অসন্তোষ। তিনি বলেন, বিমান বাহিনীর অভিজ্ঞ কর্মকর্তারাও বেতন পাচ্ছেন যুদ্ধের আগেকার চুক্তি অনুযায়ী ৯০ হাজার রুবল (১,০৯০ মার্কিন ডলার)। অন্যদিকে নতুন রিক্রুটদেরকে সেনাবাহিনীতে নেয়া হয়েছে ২ লাখ ৪ হাজার রুবল (১,৯৬০ ডলার) বেতনের লোভ দেখিয়ে। প্রকাশ্যভাবে প্রচারিত সরকারি বিজ্ঞাপনে এ কথাই বলা হয়েছে। সেনাবাহিনীর কেউই 'যুদ্ধের সরকারি খবর' বিশ্বাস করে না দিমিত্রি বলছেন, ইউক্রেনের ব্যাপারে নানা জনের নানা রকম মনোভাব আছে, কিন্তু সরকারি খবরে 'যুদ্ধ ভালোভাবে চলছে' বা 'নিম্ন প্রাণহানি'র যেসব কথা বলা হচ্ছে - তা সেনাবাহিনীর কেউই বিশ্বাস করে না। 'সামরিক বাহিনীতে কেউই কর্তৃপক্ষকে বিশ্বাস করে না। তারা দেখতে পাচ্ছে যে আসলে কী ঘটছে। তারা তো আর টেলিভিশনের সামনে বসে থাকা বেসামরিক লোক নয়। সামরিক বাহিনীর লোকেরা সরকারি খবর বিশ্বাস করে না, কারণ একটাই - এগুলো সত্যি নয়।' তিনি বলেন, যুদ্ধের প্রথম দিকে রুশ কমান্ড দাবি করছিল যে কেউ হতাহত হয়নি বা কোনো সরঞ্জাম ধ্বংস হয়নি, কিন্তু তিনি ব্যক্তিগতভাবে জানতেন এরকম কয়েকজন যুদ্ধে নিহত হয়েছে। যুদ্ধের আগে তার নিজের ইউনিটে ৪০ থেকে ৫০টি বিমান ছিল। ইউক্রেনে রুশ অভিযান শুরু হবার পর প্রথম কয়েক দিনে তার ছয়টিকে গুলি করে ভূপাতিত করা হয়, আর তিনটি ধ্বংস হয় মাটিতে থাকা অবস্থাতেই। রুশ কর্তৃপক্ষ খুব কম সময়ই সামরিক বাহিনীতে নিহতের খবর দেয়। গত সেপ্টেম্বর মাসে প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগু বলেন, রাশিয়া ৬ হাজার সৈন্য হারিয়েছে। বেশিরভাগ বিশ্লেষক, এমনকি ক্রেমলিন সমর্থক সামরিক ব্লগাররাও মনে করেন যে এ সংখ্যা কম করে দেখানো হচ্ছে। বিবিসি রাশিয়ানের ওলগা ইভশিনা এমন একটি গবেষণা প্রকল্পের সাথে আছেন যারা ইউক্রেন যুদ্ধে নিহত রুশ সৈন্যদের চিহ্নিত করে। তিনি প্রকল্পের সবশেষ তথ্যে বলেছেন, তিনি বিভিন্ন র?্যাংকের ২৫ হাজার রুশ সৈন্যের নামের তালিকা তৈরি করেছেন। তিনি ধারণা করেন যে নিখোঁজ সৈন্যসহ প্রকৃত সংখ্যা আরো অনেক বেশি হবে। দিমিত্রি বলছেন, সামরিক বিমানের ক্রুদের মধ্যে নিহতের সংখ্যা অত্যন্ত বেশি।

# ভারতে ধেয়ে আসছে 'বিপর্যয়' সরিয়ে নেওয়া হচ্ছে মানুষ



**আন্তর্জাতিক ডেস্ক :** কয়েকদিন ধরে ক্রমাগত শক্তিবৃদ্ধির পর গতকাল মঙ্গলবার কিছুটা শক্তি হারিয়েছে ঘূর্ণিঝড় বিপর্যয়। অত্যধিক প্রবল ঘূর্ণিঝড় থেকে ফের অতিপ্রবল ঘূর্ণিঝড়ে রূপ নিয়েছে এটি। এরপরও উপকূলে আঘাত হানার পর ঝড়টি ব্যাপক ধ্বংসযজ্ঞ চালাতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এ কারণে উপকূলীয় এলাকাগুলোর বাসিন্দাদের দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নিচ্ছে ভারত ও পাকিস্তান। ভারতের আবহাওয়া বিভাগ (আইএমডি) জানিয়েছে, অতিপ্রবল ঘূর্ণিঝড় বিপর্যয় আগামীকাল বৃহস্পতিবার বিকেলে ভারত-পাকিস্তান উপকূলে আঘাত হানতে পারে। ঝড়টি বর্তমানে দেবভূমি দ্বারকা থেকে ২৯০ কিলোমিটার পশ্চিম-দক্ষিণপশ্চিমে, পোরবন্দর থেকে ৩২০ কিলোমিটার পশ্চিম-দক্ষিণপশ্চিমে, জাখাউ বন্দর থেকে ৩২০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে এবং নালিয়া থেকে ৩৩০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থান করছে। পাকিস্তানের আবহাওয়া বিভাগের তথ্যমতে, আরব সাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় বিপর্যয় বর্তমানে করাচির থেকে ৪৭০ কিলোমিটার দূরে রয়েছে। ঝড়টিতে বাতাসের বেগ প্রতি ঘণ্টায় ১৪০ থেকে ১৫০ কিলোমিটার। তবে দমকা হাওয়ার বেগ কখনো কখনো ১৭০ কিলোমিটার পর্যন্ত উঠছে। ঝড়ের কারণে সাগর উত্তাল রয়েছে। এর প্রভাবে ৩৫ থেকে ৪০ ফুট উচ্চতার ঢেউ তৈরি হচ্ছে। এনডিটিভি জানিয়েছে, ঘূর্ণিঝড় বিপর্যয় দ্রুত এগিয়ে আসায় উপকূলীয় নিম্নাঞ্চলগুলো থেকে মানুষজন সরিয়ে নেওয়া শুরু হয়েছে। গুজরাট কর্তৃপক্ষ এরইমধ্যে কুচ জেলার আট হাজার মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়েছে এবং এই প্রক্রিয়া অব্যাহত রয়েছে। একই কারণে পাকিস্তান সরকারও সিন্ধ প্রদেশের উপকূলীয় এলাকাগুলো থেকে আনুমানিক ৮০ হাজার বাসিন্দাকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়ার কাজ শুরু করেছে। ঝড় মোকাবিলায় সংশ্লিষ্ট সব মহলকে উচ্চ সতর্ক অবস্থায় থাকার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। মানুষের সাগরপাড়ে যাওয়া আটকাতে করাচিতে ১৪৪ ধারা জারি করা হয়েছে। বন্ধ করে দেওয়া হয়েছে সৈকত ও এর আশপাশের সড়কগুলো। ভারতীয় আবহাওয়া অফিস জানিয়েছে, আগামীকাল বৃহস্পতিবার ঝড়টি যখন উপকূলে আঘাত হানবে, তখন এর গতিবেগ থাকতে পারে ১৫০ কিলোমিটারের আশপাশে। ফলে অতিপ্রবল ঘূর্ণিঝড় বিপর্যয়ের আঘাতে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা রয়েছে। ঝড়ের কারণে গুজরাটের কুচ ও সৌরাষ্ট্র জেলায় জরুরি সতর্কতা জারি করা হয়েছে। আইএমডি জানিয়েছে, ঘূর্ণিঝড় বিপর্যয়ের কারণে আগামী আজ বুধবার পর্যন্ত গুজরাট উপকূলে সমুদ্রের অবস্থা 'উত্তাল থেকে অতিউত্তাল' এবং আগামকিাল বৃহস্পতিবার 'অতিউত্তাল থেকে উচ্চ উত্তাল' থাকতে পারে। ঝড় অতিক্রম না করা পর্যন্ত গুজরাট, কেরালা, কর্ণাটক, মহারাষ্ট্র ও লাক্ষাদ্বীপ উপকূলে জেলেদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দিয়েছে ভারতের সরকারি সংস্থাটি।

# রাস্তায় ৩ মরদেহ, গাড়িচাপায় আহত আরো ৩

**আন্তর্জাতিক ডেস্ক :** ব্রিটিশ পুলিশ গতকাল মঙ্গলবার জানিয়েছে, ইংল্যান্ডের নটিংহ্যাম শহরের রাস্তায় তিনজনকে মৃত অবস্থায় পাওয়ার পর সন্দেহভাজন একজনকে গ্রেপ্তার করা হয়েছে। এ ছাড়া ভ্যানচাপা দেওয়ার চেষ্টার পর অন্য তিনজনকে হাসপাতালে নেওয়া হয়েছে। পুলিশ বলেছে, এদিন স্থানীয় সময় ভোর ৪টার পরই শহরের কেন্দ্রস্থলে একটি রাস্তায় দুজনকে মৃত অবস্থায় পাওয়া যায়। তারপর কাছের অন্য একটি জায়গায় কেউ ভ্যান চালিয়ে তিনজনকে চাপা দেওয়ার চেষ্টা করেছেন বলে কর্মকর্তারা জানতে পারেন। তাদের হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। পরে শহরের কেন্দ্রের ঠিক বাইরে একটি রাস্তায় আরো একজনকে মৃত অবস্থায় পাওয়া যায়। চিফ কনস্টেবল কেট মেনেল বলেন, 'এটি একটি ভয়ংকর ও দুঃখজনক ঘটনা, যা তিনজনের প্রাণ কেড়ে নিয়েছে। আমরা বিশ্বাস করি, এই তিনটি ঘটনার যোগসূত্র রয়েছে। আমাদের হেফাজতে এক ব্যক্তি রয়েছে। তদন্ত প্রাথমিক পর্যায়ে রয়েছে। গোয়েন্দাদের একটি দল ঠিক কী ঘটেছে তা নিশ্চিত করার জন্য কাজ করছে।' ৩১ বছর বয়সী এক ব্যক্তিকে হত্যার সন্দেহে গ্রেপ্তার করা হয়েছে।



# চীনে সদ্য বিবাহিতদের অতিরিক্ত বেতন ও ছুটি দেওয়ার পরিকল্পনা

**আন্তর্জাতিক ডেস্ক :** গত তিন দশকে  রেকর্ড সংখ্যক বিয়ের হার কমছে চীনে। এর ফলে ব্যাপক জনসংখ্যা হ্রাস পেয়েছ দেশটিতে। তাই তরুণদের বিয়েতে উৎসাহিত করতে দেশের ২০টি শহরে 'নিউ এজ' একটি পাইলট প্রকল্প চালু করতে যাচ্ছে চীন সরকার। এর আওতায় সদ্য বিবাহিত যুগলদের অতিরিক্ত বেতন ও ছুটি দেয়ার পরিকল্পনা করা হয়েছে। এক প্রতিবেদনে এমনটি জানিয়েছে সংবাদমাধ্যম সিএনএন। বিশেষজ্ঞরা বলছেন, ধনী হওয়ার আগেই বার্ধক্যদের দেশে পরিণত হবে চীন। এ কারণে দেশটির কর্মশক্তি কমে যাবে এবং অর্থনৈতিক বিপর্যয় দেখা দেবে। এমতাবস্থায় তরুণদের বিয়ে করতে উৎসাহিত করতে দেশের ২০টি শহরে 'নিউ এজ' একটি পাইলট প্রকল্প চালু করতে যাচ্ছে চীন সরকার। এর আওতায় সদ্যবিবাহিত যুগলদের অতিরিক্ত বেতন ও ছুটি দেয়ার পরিকল্পনা করা হয়েছে। ২০২২ সালে, চীনের ইতিহাসে সবচেয়ে কম সংখ্যক বিয়ের রেকর্ড পাওয়া যায়। গত বছর দেশটিতে সবচেয়ে কম সংখ্যক দম্পতি বিবাহ বন্ধনে আবদ্ধর কারণে দেশটির জন্মহার হ্রাস পেতে শুরু করেছে। চীন সরকারের উদ্বেগ প্রকাশ করেছে চীন সরকার। প্রতিবেদনে বলা হয়েছে, বিগত এক দশকে চীনে বিয়ের হার করে আসছে। কমতে কমতে ২০২২ সালে সর্বনিম্ন পর্যায়ে এসে পৌঁছেছে দেশটির বিবাহ সংখ্যা। ধারনা করা হচ্ছে, এই ঘটনার অন্যতম কারণ হচ্ছে করোনা মহামারি। গত শুক্রবার চীনের বেসামরিক বিষয়ক মন্ত্রণালয় জানায়, ২০২২ সালে চীনে মাত্র ৬ হাজার ৮৩৩ দম্পতি বিয়ে ও নিবন্ধন করেছেন। যা আগের বছর অর্থাৎ ২০২১ সালের চেয়ে প্রায় ৮ লাখ কম।

# বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তায় ব্যাপক প্রভাব পড়বে: জাতিসংঘ



**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের নোভা কাখোভকা বাঁধ ধসে পড়ায় ভয়াবহ বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। দিনিপ্রো নদীর পানি উপচে বেশ কিছু এলাকা প্লাবিত হচ্ছে। এদিকে সোভিয়েত আমলের এই বাঁধ ধসে পড়ার কারণে বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তার ওপর ব্যাপক প্রভাব পড়বে বলে আশঙ্কা প্রকাশ করেছে জাতিসংঘ। রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। গতকাল মঙ্গলবার জাতিসংঘের পক্ষ থেকে বলা হয়েছে, এই বাঁধ ধসে পড়ার কারণে খাদ্যের মূল্য বৃদ্ধি পেতে পারে এবং কয়েক হাজারে মানুষ খাবার পানির তীব্র সংকটে পড়তে পারে। ওই বাঁধ গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় ইউক্রেন এবং রাশিয়া একে অন্যকে দোষারোপ করছে। কিন্তু এখনও পর্যন্ত এটা জানা সম্ভব হয়নি যে, আসলেই ওই হামলার পেছনে কারা দায়ী। গত সপ্তাহে সোভিয়েত আমলের গুরত্বপূর্ণ বাঁধটি গুঁড়িয়ে দেওয়া হয়। এর ফলে দিনিপ্রো নদীর পানি বেড়ে আশপাশে বন্যা পরিস্থিতি তৈরি হয়। বন্যায় ইউক্রেনের বিপুল এলাকার কৃষিজমি প্লাবিত হয়। এর ফলে দেশটির কৃষিখাতে দীর্ঘস্থায়ী বিপর্যয় দেখা দিতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন স্থানীয় কর্মকর্তারা। দেশটির কৃষি মন্ত্রণালয় সতর্ক করেছে যে, দক্ষিণ ইউক্রেনের মাঠগুলো আগামী বছরের শুরুর দিকেই 'মরুভূমিতে পরিণত হতে পারে'।



# ঝিনাইদহে সাংবাদিকদের সাথে ইয়েস বাংলাদেশের মতবিনিময় সভা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে সাংবাদিকদের সাথে ইয়েস বাংলাদেশের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে ঝিনাইদহ জেলা প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন ওয়াইমুডস প্রকল্পের ভিজিটর এসএম মেহেরাব হোসেন, এনসিটিএফ ও ইয়েস বাংলাদেশের ড্রিস্ট্রিক ভলেন্টিয়ার তামান্না-ই-জাহান প্রেমা, এনসিটিএফ এর সহ-সভাপতি ফারিহা মল্লিক, এনসিটিএফ এর যুগ্ম সাধারন সম্পাদক ফারদিন রহমান, এনসিটিএফ এর মেহেরপুরের হাসান মাহমুদ, মুজাহিদ মুন্না, দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক আলাউদ্দীন আজাদ, আজিজুর রহামান সালাম, আব্দুল হাই,আব্দুর রহামান মিল্টন, জাফর উদ্দীন রাজু, আহমেদ নাসিম আনসারী, শাহারিয়ার আলম সোহাগ, গিয়াস উদ্দীন সেতু, আব্দুল্লা আল মামুন,শাহাজান আলী বিপাশ, মোমিনুর রহমান মন্টু, রামীম হোসেন, সুমন আলীসহ অন্যান্য সাংবাদিকবৃন্দ।

# ইউক্রেনের পাল্টা আক্রমণ নিয়ে যা বললেন ম্যাক্রোঁ

**আন্তর্জাতিক ডেস্ক :** পাল্টা আক্রমণ নিয়ে খুলছেন ইউক্রেনের মিত্ররা। এ বিষয়ে সোমবার ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ বলেছেন, 'ইউক্রেনে রুশ বাহিনীর বিরুদ্ধে একটি সূক্ষ্ম পরিকল্পিত পাল্টা আক্রমণ কয়েকদিন আগেই শুরু হয়েছে।' তবে কোন অঞ্চল থেকে শুরু হয়েছে, বিষয়টি স্পষ্ট করেননি তিনি। প্যারিসে জার্মানির প্রেসিডেন্ট ওলাফ শলৎজ এবং পোলিশ প্রেসিডেন্ট আন্দ্রেজ ডুদার সঙ্গে বিভিন্ন ইস্যুতে আলোচনার পর সংবাদ সম্মেলনে আসেন তারা। এ সময় ইউক্রেনের সামরিক নেতাদের কৌশলগত দিকের প্রশংসা করেন ফ্রান্সের প্রেসিডেন্ট। জেলেনস্কির মিত্র ম্যাক্রোঁ আরও বলেন, 'পাল্টা আক্রমণের পরিকল্পনা করা হচ্ছিল কয়েক সপ্তাহ বা কয়েক মাস আগে থেকেই।' গত মাসে ইউক্রেনের যুদ্ধবিমানের পাইলটদের প্রশিক্ষণের জন্য তার দেশের দরজা খোলা রয়েছে বলে মন্তব্য করেছিলেন ফরাসি প্রেসিডেন্ট।

# পায়ে হেঁটে যেভাবে রাশিয়া থেকে পালালেন বৈমানিক মিশভ

**আন্তর্জাতিক ডেস্ক :** রুশ সামরিক বাহিনীর একজন বৈমানিক লেফটেন্যান্ট দিমিত্রি মিশভ পায়ে হেঁটে রাশিয়া ছেড়ে পালিয়ে লিথুয়ানিয়ায় এসে রাজনৈতিক আশ্রয় চেয়েছেন।

বিবিসিকে দেয়া এক বিরল সাক্ষাৎকারে তুলে ধরেছেন- ইউক্রেন যুদ্ধে ব্যাপক প্রাণহানি আর মনোবল কমে যাওয়ার কারণে রুশ বাহিনী এখন কতটা বিপর্যস্ত হয়ে পড়েছে। দিমিত্রি মিশভের বয়স ২৬।

# চীনা কূটনীতিতে মধ্যপ্রাচ্যে কর্তৃত্ব হারাচ্ছে যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনা কূটনীতিতে মধ্যপ্রাচ্যে ক্রমেই কর্তৃত্ব হারাচ্ছে যুক্তরাষ্ট্র। একসময়ের মিত্র সৌদি আরবের সঙ্গে মতবিরোধ বাড়ছে ওয়াশিংটনের। পশ্চিমা বলয় থেকে বের হয়ে চীনের দিকে ঝুঁকছে মধ্যপ্রাচ্যের তেল সমৃদ্ধ দেশ সৌদি। এদিকে রিয়াদের সঙ্গে বেইজিংয়ের সম্পৃক্ততা বাড়ায় উদ্বিগ্ন ওয়াশিংটন। কিছুদিন আগেও যুক্তরাষ্ট্রের ভরসার আশ্রয় ছিল সৌদি আরব। কিন্তু গত কয়েক মাসে বদলে গেছে বিশ্ব ভূ-রাজনীতির বাতাস। সম্প্রতি চীনের মধ্যস্থতায় ইরানের সঙ্গে দীর্ঘদিনের শত্রুতার অবসান ঘটে সৌদি আরবের। রিয়াদ তেল উৎপাদন কমানোর ঘোষণা দেয়ায় বিশ্ব বাজারে দ্রুত বেড়ে গেছে তেলের দাম। এমনকি ইউক্রেন যুদ্ধের কারণে রাশিয়াকে বিচ্ছিন্ন করার পশ্চিমা পদক্ষেপেও তেমন সাড়া দেয়নি তারা। কিন্তু কেন সৌদি আরব অন্যপথে হাঁটার সাহস দেখাচ্ছে? অনেকের মতে, এজন্য যুক্তরাষ্ট্র নিজেই দায়ী। সাংবাদিক জামাল খাশোগি হত্যাকাণ্ডে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানকে জড়ানোয় শীতলতার শুরু হয় দুই দেশের মধ্যে। দিনে দিনে সেটা বেড়েই চলছে। এমন বাস্তবতায় যুক্তরাষ্ট্র এখন পশ্চিম এশিয়া থেকে কূটনৈতিক ও সামরিক নজর সরিয়ে গুরুত্ব দিচ্ছে দক্ষিণ-পূর্ব এশিয়ায়। অথচ এখনো যুক্তরাষ্ট্রের জ্বালানির অন্যতম উৎস সৌদির তেল। আগামী জুলাই থেকে দৈনিক আরও ১০ লাখ ব্যারেল তেল কম উৎপাদন করবে সৌদি আরব। দেশটির এমন ঘোষণায় বিশ্ববাজারে বাড়তে শুরু করেছে জ্বালানি তেলের দাম। তাই চুপচাপ বসে থাকতে পারেনি ওয়াশিংটন। এমন সিদ্ধান্তে সৌদি আরবে উড়ে যান মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। ইরানের সঙ্গে সৌদি আরব কূটনৈতিক সম্পর্ক আবার চালু করার পর এই প্রথম যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী সে দেশে গেলেন। টানাপোড়েন অবসানে যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠক হলেও তাতে খুব একটা কাজ হয়নি। সৌদি যুবরাজের সঙ্গে ব্লিঙ্কেনের ১ ঘণ্টা ৪০ মিনিটের বৈঠকে ইসরাইলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার বিপরীতে নিজেদের বেসামরিক পারমাণবিক প্রকল্প বাস্তবায়নে যুক্তরাষ্ট্রের সহযোগিতা চেয়েছে রিয়াদ। তবে ব্লিঙ্কেনের আলোচনার লক্ষ্য ছিল চীন ও সৌদি আরব যাতে খুব কাছাকাছি না আসে তা নিশ্চিত করা। তবে ওয়াশিংটনের এই দাবি পাত্তা পায়নি বলেই গণমাধ্যমের খবরে জানা গেছে। আরব বিশ্বে বেশ কিছুদিন ধরেই একটা ধারণা দিন দিন জোরালো হচ্ছে- বিশ্ব মোড়ল যুক্তরাষ্ট্রের শক্তি ধীরে ধীরে ক্ষয়ে যাচ্ছে। আরব বিশ্বে এমন কথা এখন খোলাখুলি বলা হচ্ছে যে, তাদের এখন শুধু যুক্তরাষ্ট্রের দিকে না তাকিয়ে বহুমুখী সম্পর্কের পথ নিতে হবে। সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্টের কূটনৈতিক উপদেষ্টা আনোয়ার গারগাহ সম্প্রতি এক অনুষ্ঠানে বলেছেন, 'বিশ্ব ব্যবস্থায় আমেরিকার একচ্ছত্র আধিপত্য আর থাকবে না বলে মনে হচ্ছে। চীন এখন বিশ্বের অন্যতম অর্থনীতি ও রাজনৈতিক শক্তি'। উপসাগরীয় দেশগুলো বিশেষ করে সৌদি আরবের সঙ্গে চীনের বাণিজ্য এবং বিনিয়োগ সম্পর্ক লাফিয়ে লাফিয়ে বাড়ছে। দেশ দুটির মধ্যে ২০২১ সালে ব্যবসা হয়েছে ৮ হাজার কোটি ডলারের। সৌদি আরব এখন চীনের জ্বালানি তেলের প্রধান যোগানদারও। বিশ্লেষকরা বলছেন, কৌশলগত নিরাপত্তার ক্ষেত্রে চীনের সম্পৃক্ত হয়ে পড়া নিয়ে উদ্বেগ বাড়ছে ওয়াশিংটনের। এ ছাড়া উপসাগরীয় দেশগুলাতে হুয়াওয়ে টেলিকম নিয়ে চিন্তিত বাইডেন প্রশাসন। চীন এখন সৌদি আরবে সামরিক ড্রোন তৈরিতে সাহায্য করছে। এমনকি বছর খানেক আগে পশ্চিমা সংবাদমাধ্যমের খবরে বলা হয়, সৌদি আরবকে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উৎপাদনেও সাহায্য করছে বেইজিং। মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের এককভাবে ছড়ি ঘুরানোর গলার কাঁটা এখন চীন। সৌদি আরব ও ইরানের সম্পর্ক গভীর হলে সুবিধা পাবে গোটা মধ্যপ্রাচ্য। ইয়েমেন ও সিরিয়ায় গৃহযুদ্ধ চললেও মূলত এর পেছনে রয়েছে সৌদি আরব ও ইরান। প্রতিদ্বন্দ্বী দুই দেশের সম্পর্ক জোরদার হলে তাদের সংঘাত শীতল হয়ে যাবে। যার বাস্তব প্রতিফলন এরইমধ্যে শুরু হয়েছে। সিরিয়াকে এরইমধ্যে ফিরিয়ে দেয়া হয়েছে আরব লিগের সদস্যপদ। ইয়েমেনেও সংঘাত বন্ধে বিদ্রোহীদের সঙ্গে সৌদি আরবের আলোচনা চলছে। মধ্যপ্রাচ্যের এই আকস্মিক পরিবর্তন দেখে হোঁচট খেয়েছে পশ্চিমা বিশ্ব। আর সৌদি আরব-ইরানের মধ্যে উত্তেজনা জিইয়ে রেখে বছরের পর বছর সুবিধা নেয়া যুক্তরাষ্ট্র ভাবছে আবারও আগের অবস্থা ফিরিয়ে আনতে কোন পথে এগোবে। শুধু যুক্তরাষ্ট্র নয়, রিয়াদ-তেহরান সম্পর্ক জোরদারে চরম আতঙ্কে মধ্যপ্রাচ্যের 'ক্যানসার' ইসরাইলও।

## বিনোদন



# 'ক্রাশ অ্যান্ড কনফেশান' পেজের এডমিন জোভান

**বিনোদন ডেস্ক :** সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে 'ক্রাশ অ্যান্ড কনফেশান' নামে বহু পেজ ও গ্রুপ রয়েছে। সাধারণত বিভিন্ন বিশ্ববিদ্যালয় কিংবা কলেজকেন্দ্রিক হয়ে থাকে এসব পেজ-গ্রুপ। যেখানে পরিচয় গোপন রেখে পছন্দের মানুষকে মনের কথা জানানো হয়। অনেক সময় সেই সূত্রেই শুরু হয় ভালোবাসার নতুন অধ্যায়।

এবার বিষয়টি উঠে এলো নাটকের পর্দায়। নাম 'ক্রাশ অ্যান্ড কনফেশান'। এটি নির্মাণ করেছেন মাসরিকুল আলম। এর চিত্রনাট্য লেখায় নির্মাতার সঙ্গে হাত মিলিয়েছেন জয়নুল আবেদিন। নাটকে ফেসবুক পেজের এডমিন আলিফের চরিত্রে দেখা যাবে ফারহান আহমেদ জোভানকে। তবে মজার ব্যাপার হলো, বিশ্ববিদ্যালয়ের কেউ এই বিষয়টি জানে না। পেজ পরিচালনা করতে করতে একদিন নিজেই প্রেমের সাগরে ডুব দেয় আলিফ। দুই ব্যাচ জুনিয়র প্রিয়াকে মন দিয়ে ফেলে। এরপর সেই প্রেম জয়ের পালা। প্রিয়ার ভূমিকায় আছেন সাবিলা নূর। এছাড়াও অভিনয় করেছেন সাহবাজ সানী, ঈশরাক পায়েল প্রমুখ। নাটকটি প্রযোজনা করেছে সিএমভি। প্রযোজক এসকে সাহেদ আলী পাপ্পু জানান, সম্প্রতি নাটকটির শুটিং হয়েছে। চলছে সম্পাদনা। আসছে কোরবানির ঈদের বিশেষ আয়োজনে নাটকটি উন্মুক্ত হবে সিএমভি'র ইউটিউব চ্যানেলে।

# গোপন প্রেমের কথা শিকার করলো তামান্না

**বিনোদন ডেস্ক :** এতদিন বিষয়টা গুঞ্জনেই সীমাবদ্ধ ছিল। যদিও তাদের একান্ত বহু মুহূর্ত ধরা পড়েছিল ক্যামেরায়। কিন্তু প্রেম ইস্যুতে ছিলেন চুপটি করে। এবার আর রাখঢাক করলেন না। প্রেমের গুঞ্জনে সিলমোহর দিলেন। বলা হচ্ছে ভারতীয় অভিনেত্রী তামান্না ভাটিয়া ও অভিনেতা বিজয় ভার্মার কথা। কয়েক মাস ধরে তাদের প্রেমের গুঞ্জন শোনা যাচ্ছিল। অবশেষে তা স্বীকার করলেন তামান্না। জানালেন, মুক্তি প্রতীক্ষিত অ্যান্থলজি ফিল্ম 'লাস্ট স্টোরিজ ২'তে একসঙ্গে অভিনয় করতে গিয়েই তাদের মধ্যে সম্পর্ক গড়ে উঠেছে। গেলো থার্টি ফার্স্ট নাইটের এক পার্টিতে 'চুম্বনরত' অবস্থায় গোয়া সৈকতে দেখা গিয়েছিল তামান্না ও বিজয়কে। সেখান থেকেই গুঞ্জনের সূচনা। এতদিন চুপ করে থাকলেও সম্প্রতি এক সাক্ষাৎকারে মনের আগল খুলেছেন অভিনেত্রী। তার ভাষ্য, 'আমার মনে হয়, শুধু সহশিল্পী হলেই আপনি কারও প্রতি আকৃষ্ট হবেন না। আমি অনেক সহশিল্পী পেয়েছি। কারও প্রতি একেবারে ব্যক্তিগত অনুভূতি না আসা পর্যন্ত প্রেমে পড়া যায় না।

# বক্স অফিস কাঁপাচ্ছে জয়ার 'অর্ধাঙ্গিনী'

**বিনোদন ডেস্ক :** ছোটপর্দার মাধ্যমে শোবিজ জগতে পা রাখেন জয়া আহসান। পরবর্তীতে এ অভিনেত্রী নজর দেন রূপালি পর্দায়। বড়পর্দায় বাংলাদেশ মাতিয়ে কলকাতার সিনেপাড়ায়ও শক্ত ভিত তৈরি করেছেন তিনি। এরমধ্যে বলিউডেও অভিষেক হয়েছে তার। সম্প্রতি মুক্তি পেয়েছে জয়ার নতুন ছবি "অর্ধাঙ্গিনী"। মুক্তির পর থেকে প্রশংসায় ভাসছেন অভিনেত্রী। সিনেমাটি টলিবাংলা বক্স অফিসে ইতোমধ্যে ঝড় তুলেছে। ১০ দিনে আয় করেছে প্রায় ২ কোটি টাকা। গত সোমবার ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস এক প্রতিবেদনে জানায়, মুক্তির ১০ দিনে "অর্ধাঙ্গিনী" ১ কোটি ৫০ লাখ রুপি আয় করেছে। ছবিটিকে "সুপারহিট" তকমা দিয়েছে টলিবাংলা বক্স অফিস। গত ২ জুন ভারতের বিভিন্ন প্রদেশের প্রেক্ষাগৃহে মুক্তি পায় "অর্ধাঙ্গিনী"। এরপর থেকেই বিভিন্ন হলে ছবিটি হাউজফুল যাচ্ছে। প্রতিদিনই আসছে হাউজফুলের খবর আর দর্শকের মুগ্ধতার বার্তা। রোববার ছবি মুক্তির দশম দিনে কলকাতা, মুম্বাই, বেঙ্গালুরু, হায়দারাবাদ ও পুনেসহ বিভিন্ন স্থানে ৫৭টি শো অলমোস্ট হাউজফুল ছিল বলে জানা গেছে। দর্শকের এমন সাড়ায় আপ্লুত জয়া আহসান। তিনি বলেন, "এ এক আলাদা তৃপ্তি।



# 'গোয়িং হোম' নিয়ে আসছেন মাশরুর

**বিনোদন ডেস্ক :** নতুন খবর দিলেন কিংবদন্তি অভিনেতা সোহেল রানার ছেলের মাশরুর পারভেজ। তার নির্মিত দ্বিতীয় সিনেমা 'গোয়িং হোম'। আগামী জুলাই মাসে দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পেতে যাচ্ছে এটি। সংবাদমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন নির্মাতা মাশরুর পারভেজ নিজেই। তিনি আরও বলেন 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভে আগামী ১৯ জুন দেশে সিনেমাটির শুভ মুক্তি উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেইখানে বিস্তারিত বলা হবে। আর অনেক যত্ন নিয়ে আমি এ সিনেমাটি বানিয়েছি।' সিনেমা প্রসঙ্গে মাশরুর পারভেজ বলেন, 'অভিনয়শিল্পীর ব্যাপারে আমি খ্যাতিকে প্রাধান্য দিই না। গল্পের মার-প্যাঁচেই চরিত্রের জন্ম হয়। তাই পুরো স্ক্রিপ্ট হয়ে গেলে বিবেচনা করি কে কোন চরিত্রে ভালো করবে। কার লুক কতটা মানানসই। নায়িকা হিসেবে জেরিকে নিয়েছি এবং টুকটাক কাজ করেছেন মিডিয়ায়।

# শুক্রবার মুক্তি পাচ্ছে 'আদিপুরুষ'

**বিনোদন ডেস্ক :** বাহুবলীখ্যাত দক্ষিণী তারকা প্রভাসের বহুল প্রতীক্ষিত চলচ্চিত্র 'আদিপুরুষ'র হিন্দি সংস্করণের অগ্রিম টিকিট বিক্রি শুরু হয়েছে। গত রোববার থেকে শুরু হওয়া বুকিংয়ে ইতিবাচক সাড়া পাচ্ছে। দুটি বৃহত্তম জাতীয় সিনেমা চেইনে প্রায় ১০ হাজার টিকিট বিক্রি হয়েছে, যার মধ্যে ৬০ শতাংশ বুকিং প্রথম দিনের জন্য। এই সংখ্যাই প্রমাণ করে যে, 'আদিপুরুষ' (হিন্দি) বক্স অফিসে একটি দুর্দান্ত সূচনা করতে যাচ্ছে। ধারণা করা হচ্ছে, এই পিরিয়ড ড্রামা হিন্দি সার্কিটে ব্যাপক সূচনা করতে যাচ্ছে। এই ধারা বজায় রাখলে 'আরআরআর' (হিন্দি) এর অগ্রিম বুকিংকে পেছনে ফেলে দেবে। ইতোমধ্যেই রণবীর কাপুর এবং দক্ষিণী তারকা রামচরণ 'আদিপুরুষ'র ১০ হাজার করে মোট ২০ হাজার টিকিট অগ্রিম কিনে রেখেছেন। জানা গেছে, অসহায় ও সুবিধাবঞ্চিত শিশুদের মধ্যে এই টিকিটগুলো বিলি করা হবে। দুজনেই এই সিদ্ধান্ত নিয়েছেন। এর আগে অভিষেক আগারওয়াল নামের এক প্রযোজক 'আদিপুরুষ'র ১০ হাজার টিকিট ক্রয় করেছেন। তিনি 'দ্য কাশ্মীর ফাইলস' সিনেমার প্রযোজক। বৃদ্ধাশ্রমে থাকা মানুষ ও সরকারি স্কুলের শিক্ষার্থীদের মধ্যে টিকিটগুলো বিলিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। এ ছাড়াও সিনেমাটি চলাকালীন ভগবান হনুমানের জন্য প্রতিটি হলের প্রতিটি শোতে একটি আসন খালি রাখার জন্য নির্মাতাদের অনুরোধ করেছেন পরিচালক। এই সিদ্ধান্ত রীতিমতো আলোড়ন ফেলে দিয়েছে। চলচ্চিত্র বাণিজ্য বিশ্লেষকরা ধারণা করছেন, 'আদিপুরুষ' মুক্তির প্রথম দিনেই দারুণ উদ্বোধনী আয় দেখতে যাচ্ছে। সিনেমাটি শুধু হিন্দি সংস্করণ থেকে প্রথম তিন দিনে প্রায় ১০০ কোটি রুপি আয় করবে বলেই মতামত ব্যক্ত করছেন বাণিজ্য বিশ্লেষকরা। ওম রাউতের লেখা ও পরিচালনায় 'আদিপুরুষ'-এ দেবতা রামের ভূমিকায় অভিনয় করছেন প্রভাস। লঙ্কেশ্বর রাবণের চরিত্রে অভিনয় করেছেন সাইফ আলী খান। মাতা জানকির ভূমিকায় রয়েছেন কৃতী স্যানন। মহাকাব্য রামায়ণ অবলম্বনে নির্মিত ছবিটি প্রযোজনা করেছেন টি-সিরিজ এবং রেট্রোফাইলস। হিন্দি এবং তেলেগু ভাষায় একইসঙ্গে তৈরি হয়েছে এটি। আগামী শুক্রবার সিনেমাটি মুক্তির তারিখ ধার্য করা হয়েছে।



# দুই বছর পর ব্যায়ামে ফিরেছেন কঙ্গনা

**বিনোদন ডেস্ক :** কঙ্গনা রানাউত তার ব্যায়ামের রুটিনে ফিরে এসেছেন দুই বছর পর। তিনি নিয়মিত ব্যায়াম করা বন্ধ করে দিয়েছিলেন একটি সিনেমায় অভিনয় করার জন্য। এ সিনেমায় তার ওজন বাড়ানোর প্রয়োজন ছিল। কঙ্গনা রানাউত তার পরবর্তী সিনেমার জন্য প্রস্তুতি শুরু করেছেন। তিনি পরিচালক হিসেবে আত্মপ্রকাশ করতে যাচ্ছেন। শুধু তাই নয় নিজের পরিচালিত সিনেমায় অভিনয়ও করবেন। এতে তাকে ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ভূমিকায় করতে দেখা যাবে। কঙ্গনা রানাউত তার ব্যায়ামের সেশনের একটি ভিডিও ইনস্টাগ্রামে শেয়ার করেছেন। কঙ্গনার নতুন পোস্টে গতকাল মঙ্গলবার সকালে ইনস্টাগ্রামে শেয়ার করা নতুন ভিডিওতে কঙ্গনাকে তীব্র ওয়ার্কআউট সেশন করতে দেখা যায়। সে সেশনের জন্য কালো স্পোর্টস পোশাক পরা অবস্থায় দেখা গেছে।